 Ridge (রিজ) — লম্বা ও সরু চূড়া
 Mortgage (ম্যরগিজ) — বন্ধক
 Nought (নট) — কিছুই না
 Nouveau riche (নুবোয়া রীশ) — হঠাৎ ধনী
 Awry (অ্যারাই) — তির্যকভাবে
 Incandesce (ইনক্যান্ডেস) — দীপ্তি পাওয়া
 Scion (সাইঅ্যন) — অভিজাত পরিবারের তরুণ বংশধর

- Tortoise (টারটোস) — কচ্ছপ
 Qualm (কোয়াম) — সাময়িক দুর্বলতা
 Dichotomy (ডাইকোটমি) — দ্বিবিভাজন
 Lynx (লিংকস) — হিংস্র বিড়াল বিশেষ
 Oven (আভন) — চুল্লী
 Gnerl (নার্ল) — গাছের গাঁট
 Nudge (নাজ) — কনুইয়ের হালকা ঠুঁতো
 Gnaw (ন্য) — চিবানো
 Affair de coeur (অ্যোফেয়ার দ্য ক্যর) — প্রণয়লীলা
 Sachet (স্যাসেই) — ছোট থলি
 Impasse (অ্যাপাস) — অচলাবস্থা
 Oyster (অ্যয়েসটার) — বিনুক
 Heresy (হেরাস্যি) — প্রচলিত ধর্মমতের বিরুদ্ধে বিশ্বাস
 Eunuch (ইউন্যাক) — খোজা পুরুষ
 Entente (আঁতাত) — কূটনৈতিক মৈত্রী
 Debut (ডেইবু) — সূত্রপাত
 Tabouret (ট্যাবারেট) — বসার ছোট টুল
 Communique (কমিউনিকেই) — সরকারী ঘোষণা
 Gauche (গাউশ) — জবুথবু
 Creche (ক্রেইশ) — বাচ্চা তত্ত্বাবধানের প্রতিষ্ঠান
 Shoe (শ্যু) — জুতো
 Marquee (মারকী) — বৃহৎ তাঁবু
 Apnoea (অ্যাপন্যিয়া) — শ্বাসরোধ
 Conduit (কন্ডিউট) — নল
 Condemn (ক্যনডেম) — দোষারোপ করা

- Connoisseur (কনিস্যর) — রসপঞ্জিত, চারুকলার পন্ডিত বিচারক
 Condign (ক্যানডাইন) — সমুচিত
 Lieutenant (লেফটেন্যান্ট) — সেনাপতি
 Occasion (অ্যাকেইজন) — উপলক্ষ
 Chaperoh (শ্যাপ্যারৌন) — মহিলাদের ব্যবহারের একপ্রকার বোরখা বা টুপি
 Pneumatic (নিউম্যাটিক) — বায়ুসংক্রান্ত
 Dough (ডৌ) — ময়দা
 Autochthon (অ্যাট্যাকথান) — আদিম অধিবাসী
 Truncheon (ট্রান্শন) — প্রহারার্থ লাঠি
 Virtue (ভ্যারটিউ) — উৎকর্ষ
 Esprit (এসপ্ৰী) — বুদ্ধিমত্তা
 Foreign (ফরিন) — বিদেশী
 Coronach (কর্যান্যাক) — শোকসংগীত
 Nonchalant (নন্শ্যাল্যান্ট) — উদাসীন
 Sesame (সেসামি) — তিলের গাছ
 Wretch (রেচ) — চরম হতভাগ্য ব্যক্তি
 Natural (ন্যাচরল) — প্রকৃতি-সংক্রান্ত
 Lagniappe (ল্যানিআপ) — আনুতোষিক
 Proneur (প্রৌন্যার) — স্বাবক
 Malmsey (মামজি) — আঙ্গুর বিশেষ
 Weigh (ওয়এই) — ওজন করা
 Morgue (ম্যরগ) — শবাগার
 Bludgeon (ব্লাজন্) — মুগুর
 Exchequer (ইক্সচেক্যার) — কোষাগার
 Manoeuvre (ম্যানুভাব) — কৌশল

- Reciept- (রিসীট) — রসিদ
 Accrue (আক্রু) — পুঞ্জিত হওয়া
 Whiff (উএফ) — ফুঁ-এর বায়ু
 Moire (ম্যোআর) — রেশমী বস্ত্রবিশেষ
 Idiom (ইডিঅ্যাম) — বাগধারা
 Martyr (মারট্যার) — শহীদ
 Ideology (আইডিওলজি) — চিন্তাধারা
 Masquerade (ম্যাসকারেড) — মুখোশধারী ব্যক্তি
 Champagne (শ্যাম্পেইন) — মদ-বিশেষ
 Autumn (অটাম) — শরৎ ঋতু
 Chalet (শ্যাল়েই) — কুটার বিশেষ
 Brunette (ব্রুনেট) — শ্যামাঙ্গী নারী
 Chough (চাফ) — একজাতের কাক
 Measure (মেজ্যার) — পরিমাপ
 Chignon (শীনিয়ঁ) — জটা
 Season (সীজন) — ঋতু
 Conjure (কনজ্যার) — জাদু করা
 Memoire (মেমোয়্যার) — স্মৃতিকথা
 Chiaroscuro (কিআর্যাস্কুয়্যারৌ) — চিত্রাঙ্কনে আলো-ছায়ার খেলা
 Enfeoff (ইনফেফ) — হস্তান্তর করা
 Niche (নিচ) — কুলুঙ্গি

- Recherche (র্যাশেয়ারশেই) — বাছাই করা জিনিস
- Trachea (ট্র্যাকিয়া) — শ্বাসনালী
- Ceruse (সিরুস) — সফদো
- Demouement (ডেইনুমাং) — গল্পের রহস্য খুলিয়া প্রকাশ
- Abduct (অ্যাবডাক্ট) — অপহরণ করা
- Diesel (ডিজেল) — ডিজেল তৈল
- Accoutre (এ্যাকুটার) — সজ্জিত করা
- Guild (গিল্ড) — সংঘ
- Caveat (কেইভিঅ্যাট) — কার্যাদি মূলতুবি রাখার জন্যে বিজ্ঞপ্তি
- Mezzanine (মেজানিন) — দেড়তলা
- Cayenne (কেইন্) — লঙ্কাগুঁড়ো
- Tabour (টেইবার) — মাদলের ধরন
- Honour (অ্যানার) — সম্মান
- Tracasserie (ট্র্যাকাসরী) — বিস্ফোভ
- Foreign (ফরেন) — বিদেশী
- Hour (আওয়ার) — ঘন্টা
- Mathematics (ম্যাথেমেটিক্স) — গণিত
- Lodge (লজ) — জমা দেওয়া
- Mosque (মস্ক) — মসজিদ
- Knife (নাইফ) — ছুরি

- Colleague (কলীগ) — সহকর্মী
- Perjure (পারজ্যার) — মিথ্যা হলফ করা
- Smudge (স্মাজ) — নোংরা দাগ
- Ombudsman (অম্বুডজ্‌ম্যান) — সরকারের বিরুদ্ধে অভিযোগের তদন্তকারী কর্মচারী
- Gendarme (জুদারম) — সৈনিক আরক্ষী
- Severe (সিভিঅ্যার) — কঠোর
- Douceur (ডুস্যার) — ঘুস

EXERCISE – 20.

The police had taken the boy into custody on a charge of theft. Later, he was let out on **(bell / bail)**.

Don't eat food **(useful / used)** on the previous day.

I'm fond of **(eaten / eating)** common salt with rice.

The milk has turned, don't use it during preparing coffee. **(shower / sour)**

We shall dine **(out / away)** tonight. We have planed to have continental dishes.

What would you like to **(eat / drink)**, tea or coffee?

I've just started to my dinner. **(have / had)**

Baking bread is not my job, rather I'm straining away the gruel of rice. **(Gruel = Meaning?)**

This meat-broth **(is / are)** under-salted. Please pass the salt.

If I have perforce to go, I shall go tomorrow morning. **(Perforce = Meaning?)**

Unit – 29

দৈনন্দিন ভালো-মন্দ-সংক্রান্ত বাক্যরূপ

Sentences relating Everyday Affairs

At workplace my brother has finally got what he had long deserved. Now, he should grab all opportunities and go ahead with new activities and future plans.

কর্মক্ষেত্রে এতদিন যা পাবার কথা ছিল, আমার ভাই এখন তা অর্জন করতে পেরেছে। সুতরাং এক্ষণে তার উচিত সমস্ত সুযোগ সুবিধাগুলো লুফে নিয়ে নতুন উদ্যোগে ভবিষ্যত পরিকল্পনা রূপায়ণ করতে নেমে যায়।

She is feeling restless and getting agitated as her life becomes too predictable. She need to be able to create a fine balance between her personal and professional life.

যেহেতু সে বুঝতে পারছে তার জীবনে আগামী দিনগুলোতে কী কী ঘটতে চলেছে — তাই সে ভিতরে ভিতরে ছটফট করছে এবং উত্তেজিত হয়ে পড়ছে। তার ব্যক্তিগত ও পেশাগত জীবনে সুতরাং সামঞ্জস্য আনা দরকার।

It is a good idea to start afresh with some changes in your lifestyle and try to get some sound advice for your financial dealings. Enjoy this present time with a fresh dose of increased energy and vitality.

নিজের জীবনযাত্রা প্রণালীর ধারা পরিবর্তন করে নতুনভাবে শুরু করার চিন্তা বেশ বাস্তবোচিত ধারণা, শুধু আপনাকে অর্থনৈতিক লেন-দেন সংক্রান্ত ব্যাপারে যোগ্য কারুর কাছ থেকে ভালো উপদেশ নেবার চেষ্টা করতে হবে। বর্তমান সময়টা এখন আপনি প্রাণোচ্ছলভাবে আনন্দের সাথে উপভোগ করুন।

This new frame of mental state will relieve me from stress and tension at emotional sphere and it will also refresh me with a possibility of romance with someone special at this time.

নতুনভাবে অভিব্যক্ত আমার এই মানসিক অবস্থা আমাকে কঠিন ক্লান্তি ও চাপ থেকে মুক্তি দেবে এবং বিশেষ কারুর সাথে আমার সম্ভাব্য প্রণয়লীলা আমাকে নবীন আবেগে কাজ করতে প্রেরণা দেবে।

They might have to spend quality time focussing on some of the responsibilities that they will be required to shoulder for the time being, though they should make an effort to simplify their life.

অদূর ভবিষ্যতে যে গুরুদায়িত্ব কাঁধে তুলে নিতে হবে, সে ব্যাপারে তাঁদের কিছুটা মূল্যবান সময় ব্যয় করতে হবে — যদিও নিজেদের জীবনযাত্রা সরল ও অনাড়ম্বর রাখার জন্য তাদের সম্ভাব্য চেষ্টা করা উচিত।

Hopefully some very exciting and new opportunities are coming my way, for which I must keep my mind open to make the most of them. Methinks, I may come up with some creative plans with a possibility of getting some good news.

আশার কথা, খুব উত্তেজক ও নূতন কিছু সুযোগের সম্ভাবনা আমার সামনে আসতে চলেছে যার জন্যে সেগুলোর যথাযথ ব্যবহারের জন্যে আমাকে প্রস্তুত থাকতে হবে। মনে হয়, কিছু সৃজনশীল পরিকল্পনা আমার মাথা দিয়ে বেরুতে পারে যার ফলে আমি কিছু সুসংবাদ শোনার আশা করতে পারি।

Unit – 30**Use of Gerund, Infinitive
and Participle*****Various Applications of Gerunds***

My mother likes reading *English* medical journals.

আমার মা ইংরাজী ভাষায় প্রকাশিত স্বাস্থ্য-বিষয়ক পত্রিকা পড়তে পছন্দ করেন।

They are thinking of going abroad for a vacation.

তারা ছুটি কাটানোর জন্যে বিদেশ যাবার কথা ভাবছে।

Having been vexed, she could not help speaking some harsh words.

প্রচণ্ড বিরক্ত হয়ে সে কিছু কড়া কথা না বলে থাকতে পারে নি।

Can't you never refrain from slandering?

তুমি কি কখনো পরনিন্দা পরচর্চা থেকে বিরত থাকতে পারো না?

I have heard of his having died from an accident.

আকস্মিক দুর্ঘটনায় আমি তাঁর মৃত্যুর কথা শুনেছি।

We couldn't help weeping because of listening the death of our mother.

মায়ের মৃত্যু-সংবাদ শুনে আমরা না কেঁদে পারি নি।

Ratan has just finished doing the work.

রতন সবমাত্র কাজটা শেষ করেছে।

There is every possibility of the boy falling from the tree.

ছেলেটির গাছ থেকে পড়ে যাবার প্রবল সম্ভাবনা আছে।

Various Applications of Infinitive

The manager made me sit so long for nothing.

ম্যানেজার-বাবু শুধুশুধু আমাকে বসিয়ে রেখেছিলেন।

To take liquor everyday is injurious for health.

নিত্যদিন মদ খাওয়া স্বাস্থ্যের পক্ষে ক্ষতিকর।

He saw the thief run away from behind the house.

সে চোরটিকে বাড়ীর পিছনদিক থেকে পালাতে দেখেছিল।

She could not but consent to my request for dinner.

সে নৈশভোজে আমার অনুরোধ না রেখে পারে নাই।

Manik seems to have forgotten to tell the report.

মানিক রিপোর্টটা জানাতে ভুলে গেছে বলে মনে হয়।

This is much to be rejoiced as my son has got a job.

আমার ছেলে চাকরীটা পেয়েছে, এ বড় আনন্দের বিষয়।

My sister wished to have bought a English fiction from the local book-store the day before yesterday.

গত পরশু আমার বোন পাড়ার বইয়ের দোকান থেকে একটি ইংরাজী উপন্যাস কেনার ইচ্ছা করেছিল।

She had rather go to school than stay home.

বাড়ী থাকার চেয়ে বরং তার স্কুলে গেলে ভালো হয়।

I hoped to have passed the annual examination.

আমি বাৎসরিক পরীক্ষায় পাস করবো আশা করেছিলাম।

The train is about to start from the station.

ট্রেনটি স্টেশন থেকে ছাড়বো ছাড়বো হয়েছে।

Will you please help me do this work?

আপনি কি আমাকে দয়া করে কাজটা করতে সাহায্য করবেন?

Uncle, you had better stay at our home for several days.

কাকু, আপনি বরং কয়েকদিন আমাদের বাড়ীতে থাকুন।

Various Applications of Participle

Watching the murder scene, the girl started weeping aloud.

হত্যাদৃশ্যটি দেখে মেয়েটি উচ্চস্বরে কাঁদতে শুরু করলো।

They saw a sinking ship in the ocean.

তারা সমুদ্রে একটি ডুবন্ত জাহাজ দেখেছিল।

Speaking roughly, we have spent 15 lac rupees to build the house.

বলতে গেলে আমরা বাড়ীটা তৈরী করতে মোটামুটি ১৫ লক্ষ টাকা খরচ করেছি।

Being pleased with his request, I did agree to go to his place.

তার অনুরোধে সন্তুষ্ট হয়ে, আমি তাদের বাড়ী যেতে রাজী হয়েছিলাম।

The sun having risen, brightness prevailed on the earth.

সূর্য উদিত হওয়ায় পৃথিবী আলোয় আলোময় হয়েছিল।

Having been informed by my colleague, I left that place forthwith.

আমার সহকর্মী বলার পর তৎক্ষণাৎ আমি সেই স্থান ত্যাগ করেছিলাম।

My sister was having her dinner while watching TV at night.

রাত্রে টিভি দেখতে দেখতে আমার বোন নৈশভোজ সারছিল।

I saw them coming into the house at midnight.

মধ্যরাত্রে আমি তাদেরকে বাড়ীর মধ্যে ঢুকতে দেখেছিলাম।

Partha is to keep standing all the time while he travels by crowd-ing train.

ভিড় ট্রেনে চড়লে পার্থকে সারাক্ষণ দাঁড়িয়ে থাকতে হয়।

Unit – 31

Idiomatic Use of Some Important Prepositions

ABOVE

A big kite is flying **above** his head.

একটা বড় চিল তার মাথার উপর ওড়াউড়ি করছিল।

We have managed to collect **above** 25 thousand rupees for the worship of the deity, *Goddess Durga*, this year.

এবছর আমরা দুর্গাপূজার জন্যে ২৫ হাজার টাকারও বেশী টাকা তুলতে পেরেছি।

Our mentalities are **above** such servility.

আমাদের মানসিকতা এ ধরনের নীচতার উর্দে।

ACROSS

People from **across** the country visit this holy place every year.

দেশের নানান প্রান্ত থেকে লোকজন প্রতি বছর এই তীর্থস্থানে আসে।

Our school is situated **across** the temple.

আমাদের স্কুলটি মন্দিরের বিপরীত দিকে অবস্থিত।

AFTER

That girl is not **after** my heart, so I can't love her.

ঐ মেয়েটি আমার মনের মত নয়, আমি সুতরাং তাকে ভালোবাসতে পারি না।

We entered into the *cinema-hall* **after** the show was started.

সিনেমা শুরু হওয়ায় পরে আমরা হলে ঢুকেছিলাম।

She is your bosom friend **after** all, why are you scolding her yet?

মোটের উপর সে তোমার প্রাণের বন্ধু, তবুও কেন তাকে বকাবকা করছ?

ABOUT

Now it is **about** 10 o'clock at night.

এখন রাত্রি প্রায় ১০টার কাছাকাছি।

About thirty-five-forty students attended the *English* class.

প্রায় ৩৫-৪০ জন ছাত্র ইংরাজী ক্লাসে হাজির ছিল।

What do you know **about** that incident?

ঐ ঘটনা সম্পর্কে আপনি কি জানেন?

AGAINST

Having leaned **against** a wall, the man was reading the newspaper.

দেওয়ালে হেলান দিয়ে লোকটা খবরের কাগজ পড়ছিল।

I don't want to do **against** my will.

আমার ইচ্ছার বিরুদ্ধে আমি কিছু করতে চাই না।

They have taken woolen-cloths during travelling **against** the wave of cold.

বেড়ানোর সময় শীতের হাত থেকে নিস্তার পাবার জন্যে তারা শীতবস্ত্র সঙ্গে নিয়েছে।

ALONG

Huts have been built **along** both sides of the highway.

বড় রাস্তার দু'ধার বরাবর কুড়েঘর নির্মাণ করা হয়েছে।

He was walking slowly **along** the muddy road.

তিনি ধীরে ধীরে কর্দমান্ত রাস্তা ধরে হাঁটছিলেন।

AMIDST

I was continuing my speech **amidst** great uproar.

প্রচণ্ড হই-হট্টগোলের মধ্যেও আমি বক্তৃতা চালিয়ে যাচ্ছিলাম।

Khudiram was brave **amidst** all impediments.

শত বাধা-বিপত্তি সত্ত্বেও ক্ষুদিরাম সাহসী ছিলেন।

BEHIND

The rays of sun has disappeared **behind** the clouds.

মেঘের আড়ালে সূর্যরশ্মি লুকিয়ে গেছে।

He had three years' job experience **behind** him.

পূর্বে তাঁর তিন বছরের কাজের অভিজ্ঞতা ছিল।

Who is hiding there **behind** the wall?

দেওয়ালের পিছনে কে লুকিয়ে আছে?

BEFORE

The rain started **before** 8 o'clock in the morning.

সকালবেলায় ৮টার আগে বৃষ্টিপাত শুরু হয়েছিল।

All the accused were brought **before** the Judge of the Criminal Court.

সমস্ত অভিযুক্তকে ক্রিমিনাল কোর্টের বিচারকের সামনে হাজির করা হয়েছিল।

She returned back home **before** us.

সে আমাদের আগে ঘরে ফিরে এসেছিল।

BELOW

We dived **below** the surface of the water in scorching heat.

প্রচণ্ড গরমে আমরা জলের মধ্যে ডুব দিয়েছিলাম।

My daughter has secured **below** seventy-five in Chemistry.

রসায়ণে আমার মেয়ে ৭৫ এর কম নম্বর পেয়েছে।

All students are being requested not to write **below** this red line.

লাল লাইনের নীচে না লেখার জন্যে সব ছাত্র-ছাত্রীদের অনুরোধ করা হচ্ছে।

The essay you had written was **below** the standard.

তুমি যে প্রবন্ধটা লিখেছিলে তা ভালোমানের ছিল না।

BY

They will have arrived home **by** this time tomorrow.

আগামীকাল এতক্ষণে তারা বাড়ী পৌঁছে যাবে।

These paintings will be sold **by** auction at Delhi.

এই চিত্রকলাগুলি দিল্লীতে নিলামে বিক্রয় হবে।

When we were passing **by** the forest, eventually we did meet a white tiger.

বনের পাশ দিয়ে যাবার সময় অকস্মাৎ আমরা একটা সাদা বাঘ দেখতে পেয়েছিলাম।

Beena is more honest than her younger sister **by** a great deal.

বীণা তার ছোট বোনের থেকে অনেক বেশী সৎ।

BEYOND

What you are doing is *beyond* tolerance.

তুমি যা করছ তা সহ্যের অতীত।

There is a mosque *beyond* the high-road.

বড় রাস্তার ওপারে একটা মসজিদ আছে।

I will not go out *beyond* this far into the midday.

এই ভরদুপুরে আমি বাড়ীর বাইরে যাবো না।

BESIDE(S)

My sister is sitting *beside* me.

আমার বোন আমার পাশে বসে আছে।

She was *beside* herself with joy when she listened her HS result.

উচ্চ-মাধ্যমিকের ফল শোনার পর সে আনন্দে আত্মহারা হয়েছিল।

Besides practising as a doctor, she also writes poetry in her spare time.

ডাক্তারী করার পাশাপাশি অবসর সময়ে তিনি কবিতা লেখেন।

All of us have lots of things in common *besides* dance and music.

নাচ-গান ছাড়া অনেককিছু ব্যাপারে আমাদের যথেষ্ট মিল আছে।

FOR

I could not meet with her *for* want of time.

সময়ের অভাবে আমি তার সাথে দেখা করতে পারি নি।

For what guiltily is he being punished?

কি দোষের জন্যে তাকে শাস্তি দেওয়া হচ্ছে?

He did shun his profession of medical practice *for* joining business.

ব্যবসা শুরু করার জন্যে তিনি তাঁর ডাক্তারী পেশা ছেড়ে দিয়েছিলেন।

For all that you say, I can't love her.

যাই বলো না কেন তুমি, আমি তাকে ভালোবাসতে পারি না।

FROM

The tempest is coming *from* the north-west corner with its rapacious strength.

উত্তর-পশ্চিম দিক থেকে ঝড় তার সর্বগ্রাসী শক্তি নিয়ে ধেয়ে আসছে।

They can work on their own *from* now on.

এখন থেকে তারা নিজে নিজে কাজ করতে পারে।

The *Chief-minister* is now outside *from* power after long 9 years.

দীর্ঘ ৯ বছর পর মুখ্যমন্ত্রী ক্ষমতা থেকে বিতাড়িত হলেন।

INTO

She entered *into* the room with a great haste.

দ্রুতপদে তিনি ঘরের মধ্যে প্রবেশ করলেন।

I carried on reading late *into* the night because my exam was ahead.

সামনে পরীক্ষা বলে আমি রাত জেগে পড়াশুনো চালিয়ে যাচ্ছিলাম।

My sister didn't get married until she was well *into* her thirties.

ত্রিশে পড়ার আগে আমার বোন বিবাহ করে নাই।

OFF

All garments are 20% *off* for stock clearance sale.

পুরানো মজুত মাল বিক্রয়ের জন্যে সব পোষাকের উপর ২০% ছাড় দেওয়া হচ্ছে।

My father has got 5 days *off* next week.

আগামী সপ্তাহে আমার বাবা ৫ দিন ছুটি পেয়েছেন।

Why hadn't you shaved *off* your beard?

তোমার দাড়ি কামাও নি কেন?

OVER

My elder brother was absent in school *over* three weeks.

তিন সপ্তাহেরও বেশী সময় ধরে আমার দাদা স্কুলে অনুপস্থিত ছিল।

The powerful king had the golden crown *over* his head.

শক্তিশালী রাজার মাথায় স্বর্ণমুকুট ছিল।

I had told you not to do this *over* and again.

আমি তোমাকে এটা না করতে বারংবার নিষেধ করেছিলাম।

SINCE

The boy has been suffering *since* Tuesday last.

গত মঙ্গলবার থেকে মেয়েটি রোগে ভুগছে।

Since when have you been playing in the field?

কখন থেকে তুমি মাঠে খেলা করছ?

My mother hasn't eaten anything *since* breakfast.

প্রাতঃরাশের পর থেকে আমার মা কিছুই খান নি।

THROUGH

I had to pass *through* several obstacles before my wedlock.

বিয়ের আগে আমাকে নানাবিধ প্রতিবন্ধকতা অতিক্রম করতে হয়েছিল।

They were working hard *through* the biting cold all day long.

প্রচণ্ড ঠান্ডার মধ্যে তারা সারাদিন ধরে কঠোর পরিশ্রম করছিল।

TOWARDS

This amount of money will go *towards* a political fund.

এই পরিমাণ টাকা রাজনৈতিক তহবিলে যাবে।

The *Indian* soldiers are heading *towards* the *Pakistani* border.

ভারতীয় সৈনিকেরা পাকিস্তানি সীমারেখার দিকে ধেয়ে যাচ্ছে।

I'm very kind and sincere *towards* my neighbour.

আমার প্রতিবেশীদের প্রতি আমি দয়ালু এবং সহানুভূতিশীল।

UNDER

That very criminal case was *under* trial in the *Highest Court* of the country.

ঐ ফৌজদারী মামলাটি সর্বোচ্চ আদালতে বিচারাধীন ছিল।

This building is still *under* construction.

বাড়ীটা এখনো তৈরী হচ্ছে।

The country is now *under* *President's Rule*.

দেশে রাষ্ট্রপতি শাসন জারী হয়েছে।

I shall not sell this sculpture *under* 30 thousand rupees.

আমি এই ভাস্কর্যটি ত্রিশ হাজার টাকার কমে বিক্রয় করবো না।

WITHIN

After so long time, I have got you *within* my reach.

অনেকদিন পর আমি তোমায় নাগালের মধ্যে পেয়েছি।

The ambulance arrived *within* minutes of the call being made.

খবর দেবার কয়েক মিনিটের মধ্যেই অ্যাম্বুলেন্স চলে এসেছিল।

Is the nearby railway station *within* walking distance?

কাছাকাছি রেল-স্টেশনটা কি হাঁটা দূরত্বের পথ?

EXERCISE – 21.

My mother is (**needing** / **kneading**) the dough ; rather I grind the spices by this time.

What will you like to eat as *short commons*? Are you not (**still** / **yet**) feeling hungry?

Having (**pilled** / **peeled**) first cut up the vegetables, then you have to chop up the meat.

Eating germinating gram and sugarcane-treacle in the morning is very good for health as they are in vitamins. (**reach** / **rich**)

The water of green-coconut is very cooling for stomach (**in** / **at**) summer.

I know you're a *gourmet* and it is an exclusive *Bengali* cuisine. (**Gourmet = Meaning?**)

Now dry your hand the towel. (**by** / **upon**)

What a *glutton* you are! After having your dinner, you have eaten 50 pieces of sweetmeats! (**Glutton = Meaning?**)

They treated us to a *sumptuous* lunch and we made a hearty meal. (**sumptuous = Meaning?**)

This bedstead is selling at (**throw-out** / **throw-away**) price.

Unit – 32**Common Errors
in English Language****Exercise - I**

We cannot live **without** (not except) water.

I **still** (not yet) think that what I said was completely right.

The bus is not due **yet** (not still).

All of us have a need **for** (not to) money.

Does (not do) he not play football?

The boy came running **into** (not in) the upper-storey room.

Ajay is a thirteen **year** (not years) old boy.

I have found the book **which** (not what) I lost.

The debate was **fairly** (not rather) well attended by the respected guests.

The debate was **rather** (not fairly) monotonous and not interesting.

Virtue (not the virtue) is always praised in the society.

I have no other hobby **than** (not but) that of collecting old coins.

My brother had scarcely reached the school **when** (not than) it started raining cats and dogs.

My grand-mother is not used to **walking** (not to walk) long distances during her morning walk.

Though she reads much everyday **yet** (not but) she cannot achieve good results.

Too (not to) much intaking of liquor is harmful to health.

We arrived early in the bus-depot, **so that** (not so as) we might get a front seat.

We arrived early in the bus-depot **so as** (not so that) to get a front seat.

They had called me before I **awoke** (not had awoken).

When they went to school they **had to** (not must) learn *English*.

The **sooner** (not soon) they understood their faults the better.

I was very glad to **see** (not seeing) that priest.

Sunday is my only **day-off** (not off-day).

Neither his brother **nor** (not or) his father told me about that matter.

He will finish his task in **an** (not a) hour.

She has reached there very **quickly** (not quick).

You must wait **while** (not until) it storms.

These two brothers love **each other** (not one another).

As long as (not until) he is studious he need not get frightened.

But **for** (not of) your help, I would've fallen into a great obstacle.

Exercise II

They should abide **by** (not to) the advice of their teachers.

Kashmir is **farther** (not further) from *Kolkata* than *Agra*.

Write your answers **in** (not with) blue ink having a small margin

in the left of the sheet.

Would you mind **waiting** (not to wait) a little bit?

My son was punished by being **sent** (not sending) to school without any lunch.

The security asked to see my *Identity Card* before he let me **into** (not in) the office.

She is not used to **drinking** (not drink) coffee in the hot summer days.

I can no longer put up **with** (not of) your arrogance.

May (not can) I come in, *Ma'm*?

We should not look down **upon** (not to) street beggars.

Such a thing (not a such thing) has never happened before in my life.

Unless he **tries** (not unless he does not try) his best, he will never succeed in life.

As far as (not as far) I remember, she came here the day before yesterday.

I shall reach home from *Delhi* **by** (not in) next *Sunday*.

Either you **or** (not nor) your sister has broken the glass.

The noon-show is **about** (not still) to start.

I was sitting **beside** (not besides) them in the *Mosque*.

Besides (not beside) food, they also gave us some money.

The boys were altercating **among** (not between) themselves inside the class-room.

This beautiful neckless is made **of** (not from) pure gold.

In *India* we are allowed to cast our vote **at** (not in) the age of eighteen.

I saw that the table-clock **had** (not has) stopped.

Since (not for) he is studying much, he will certainly pass the exam.

I shall support him **as** (not since) he has helped me during my hard days.

He will not do that crime even **if** (not though) you give me much amount of money.

Not but **what** (not that) she did her best in the examination.

She has been ill **for** (not since) three weeks.

EXERCISE – 22.

Before purchasing we to the *Big-Bazar* for window shopping. (**want / went**)

I've to buy some dresses of trendy fashion before the forthcoming *puja* vacation. (**trendy = Meaning?**)

Do not buy goods (**by / on**) credit. Sellers then don't give good stuff.

Do you also cheques and credit cards? I have no hard cash with me. (**accept / except**)

This shoe pinches me the back. You rather change this pair. (**at / from**)

You have to go to the *Shopping Mall*, if you wish to purchase (**allthing / everything**) from one place under the roof.

This imported cloth is enough for making a pant ; you take my measurements. (**however / rather**)

How (**far / for**) is the *Big-Bazar* from here, *Uncle*? Could I have some fresh stuffs there?

Unit – 33

প্রশ্নবোধক বাক্যরূপ গঠন Use of Tense-related Interrogative Sentences

Did you not say such harsh words to your sister?

তুমি তোমার বোনকে কি এমন কটুবাক্য বল নি?

Was he not playing football in the afternoon?

সে কি বিকালে ফুটবল খেলছিল না?

Will they not apologize to you for that misdeed?

ওই অন্যায়াটার জন্যে তারা কি আপনার কাছে ক্ষমা চাইবে না?

Is he a great saint fit to be respected?

তিনি কি সম্মান করার মতন বড় সাধু?

Shall you ever forget those days of nightmare?

তুমি কি সেইসব দুঃস্বপ্নের দিনগুলো কখনও ভুলে যাবে?

Are you planning to go to visit *Nicco Park* next week?

আগামী সপ্তাহে তোমরা কি নিক্কো পার্ক বেড়াতে যাবার পরিকল্পনা করছ?

Would you mind giving your book for some time?

তোমার বইটা কিছুক্ষণের জন্যে আমায় দেবে?

Have you received my letter in time?

তুমি ঠিক সময়ে আমার চিঠি পেয়েছ?

Were they not playing cards in the evening?

তারা কি সন্ধ্যাবেলায় তাস খেলছিল না?

Did they not inform the police about the murder forthwith?

তারা কি সঙ্গে সঙ্গে হত্যাকাণ্ডের ব্যাপারে পুলিশকে জানায় নি?

Could you lend me 500 rupees for the time being?

আপনি কি এক্ষুণি আমাকে ৫০০ টাকা ধরে দিতে পারেন?

May I get a glass of cold water?

আমাকে একগ্লাস ঠাণ্ডা জল দেবেন?

Can you speak *English* fluently and flowlessly?

তুমি কি নির্ভুলভাবে দ্রুত ইংরাজী বলতে পারো?

Should I put a little more sugar in your coffee?

আপনার কফিতে আর একটু চিনি দেব কি?

Dare they behave rudely towards my bosom friend?

তারা কি আমার প্রিয় বন্ধুর প্রতি খারাপ ব্যবহার করতে সাহস করবে?

Does he like to smoke cigarette?

তিনি কি সিগারেট খেতে পছন্দ করেন?

Do you understand what I say?

কি বললাম বুঝলে?

Need I give him so much amount of money?

তাকে কি এতগুলো টাকা দেবার দরকার আছে?

Had you not been thinking so much for nothing?

আপনি কি শুধু শুধু এত চিন্তা করছিলেন না?

Must you not follow the order of your teacher?

তোমার কি অবশ্যই তোমার শিক্ষকের আদেশ মেনে চলা উচিত নয়?

EXERCISE – 23.

Take the reasonable rate, the amount you're asking for is much. (to / too)

Many things remain to be bought (still / yet) from you.

All varieties of gift items are available at this shop ; but because (for / of) the strike it is closed today.

Watches of this design find a ready (sell / sale).

Unit – 34

শব্দ ও শব্দসমষ্টির আলংকারিক প্রয়োগ

Idiomatic Use of Some Words and Phrases

Why are you making faces at us? Why, we didn't do any inconvenience to you!

তুমি আমাদেরকে মুখ ভ্যাংচাচ্ছ কেন? আমরা তো তোমার কোনো অসুবিধা করিনি!

We had better not go to her house at all. Once again she may start quarrelling with us for nothing.

আমাদের তার বাড়ীতে আর না যাওয়াই ভালো। গেলে আবার সে বিনা কারণে আমাদের সাথে ঝগড়া করতে পারে।

The boy has come dancing at our home. Methinks, he has passed in the annual exam with good marks.

ছেলেটো নাচতে নাচতে আমাদের বাড়ীতে এসেছে। মনে হয়, সে ভালো নম্বর পেয়ে বাৎসরিক পরীক্ষায় পাশ করেছে।

She could not any longer help crying. Those present there had given her a sound beating.

তার আর না কেঁদে থাকবার জো রইল না। উপস্থিত জনতা তাকে খুব করে মেরেছিল।

He looks as if he knows nothing about this murder mystery. Why is he behaving as though he is quite blameless?

সে এমন ভাব দেখাচ্ছে যেন এই হত্যাকাণ্ড সম্বন্ধে কিছুই জানে না। কেন সে এমনধারা ভাব করছে যেন সে সম্পূর্ণ নির্দোষ?

Time hangs heavy on my hands. Soon I have to manage getting a part time job.

আমার আর সময় কাটছে না। শীঘ্রই আমার একটা আংশিক সময়ের কাজ জোগাড় করতে হবে।

The remark has touched me to the quick. I want to keep speaking terms no more with her.

কথাটা আমার প্রাণে বড় বেজেছে। আমি তার সঙ্গে আর বাক্যালাপ করতে চাই না।

It seems as if somebody is calling me. Rana, my son, go outside and see who is calling.

মনে হচ্ছে কে যেন আমাকে ডাকছে। রানা, পুত্র — বাইরে গিয়ে দেখ তো কে ডাকছে।

This trick of hers will be of no avail. The boy has understood that the girl is acting with him as his sweetheart.

তার এই কৌশল আর খাটবে না। ছেলেটি বুঝতে পেরেছে মেয়েটি তার সাথে ভালোবাসার অভিনয় করছে।

You have resigned from job. You will know now what's what!

তুমি চাকরীটা ছেড়ে দিয়েছ। এখন তুমি বুঝবে কত খানে কত চাল!

I shall not spare you if I get any chance. You had left me in the lurch several times.

সুযোগ পেলে আমি তোমায় ছাড়বো না। তুমি আমায় অনেকবার বিপদে ফেলে পালিয়েছ।

Don't you feel shame making free with another's money? Have you no sense of feeling of delicacy?

পরের ধনে পোদ্দারি করতে তোমার লজ্জা করে না? তোমার কি চক্ষু-লজ্জা বলে কিছুই নেই?

I cannot bear you any longer. Leave the place this very moment.

আমি তোমাকে আর সহ্য করতে পারছি না। এই মুহূর্তে এখান থেকে চলে যাও।

Where is the room for doubt in it? Your brother is a hardcore criminal and once he was caught red-handed.

তোমার ভাই যে এক পাক্ষা অপরাধী এতে আর সন্দেহের জো কি? সে তো একবার ধরাও পড়েছিল।

My uncle has been suffering in brain cancer since *February* last. Nothing short of death can relieve him of his severe pain.

আমার কাকা গত ফেব্রুয়ারী থেকে ব্রেন ক্যানসারে ভুগছে। মৃত্যু ছাড়া তাঁর যন্ত্রণার শাস্তি নেই।

You had tried to hoodwink my sister. Had you taken her for a fool?

আমার বোনকে তুমি ঠকানোর চেষ্টা করেছিলে। তুমি কি তাকে বোকা পেয়েছিলে?

He is but a mere officer. Once I become able to bring his MD under control.

তিনি একজন অফিসার বই তো নয়। আমি আগে একবার তাঁর MD-কে কন্ট্রোল করে ফেলেছিলাম।

Mind that this golden opportunity does not slip through our fingers. Taking so much pain we have been able to make him agree.

দেখো, যেন এই সুবর্ণ সুযোগ যেন হাত ফসকে না যায়। অনেক কষ্টে আমরা তাঁকে রাজী করতে পেরেছি।

He is as good as his word. He turned up in the meeting in time.

তার যে কথা সেই কাজ। সে ঠিক সময়ে সমাবেশে হাজির হয়েছিল।

EXERCISE – 24.

A lover of books is never alone ; a good book provides us pleasure and happiness (**alone / along**) with knowledge.

Which daily newspapers do you through? (**go / went**)

How are you getting on your studies? (**for / with**)

I've acquired the habit of reading books (**for / since**) my early childhood. Books are my best friends.

The boy often used to go to see movie (**by / for**) playing truant.

My daughter is very (**weak / week**) in Physics. So, she has taken Chemistry honours.

Mind you will not get good marks answering the questions by (**guess / guessing**).

Unit – 35

সাধারণভাবে ব্যবহৃত নানা ধরনের অভিব্যক্তি

**Miscellaneous Expressions
in Common Use**

I do not know an iota of it. Where have you known from?

আমি এর বিন্দুবিসর্গ জানি না। তুমি কোথা থেকে জানলে?

They dragged you into the mire. So I could not help speaking a word or two against them.

তারা তোমার মুখ রাখে নি; তাই আমি তাদের বিরুদ্ধে দু'একটা কথা না বলে থাকতে পারলাম না।

Blessed be your tongue. You're really my well-wisher.

তোমার মুখে ফুল-চন্দন পড়ুক। তুমি সত্যিই আমার প্রকৃত শুভাকাঙ্ক্ষী।

You have played ducks and drakes with my money. Some day I shall make things too hot for you.

তুমি আমার টাকা নিয়ে শ্রদ্ধ করেছ। একদিন আমি তোমাকে জন্দ করবোই।

Would that I had the inkling of it beforehand, I didn't let her go to meet that boy.

যদি ঘুনাঙ্করেও আমি টের পেতাম, আমি তাকে ওই ছেলেটার সাথে দেখা করতে যেতে দিতাম না।

Don't kick up a row about that problem. Let me solve the imbroglio.

আমাকে ব্যাপারটার সমাধান করতে দাও। এ নিয়ে অযথা হৈ চৈ করো না।

We don't know what is in store for us. We couldn't pass in the HS exam even this year.

এবারেও আমরা উচ্চ-মাধ্যমিক পরীক্ষায় পাস করতে পারিনি। আমাদের কপালে কি আছে জানি না।

Your objection did not hold good. The authority did throw away the scabbard.

আপনার আপত্তি ধোপে টেকে নি। সংশ্লিষ্ট আধিকারিকগণ চরম নিষ্পত্তি না হওয়া পর্যন্ত লড়াই চালিয়ে যাবার সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন।

The report did spread like wild fire. My uncle was caught red-handed during taking bribe.

আমার কাকা ঘুষ নেবার সময় হাতেনাতে ধরা পড়েছিলেন। খবরটা হু হু করে চারদিকে ছড়িয়ে পড়েছিল।

It was all I could do not to laugh seeing the full measure in your hypocrisy.

তোমার ভণ্ডামীর বহর দেখে আমার পক্ষে হাসি থেকে বিরত থাকা সম্ভব ছিল না।

Once in a while I take wine. I'm always conscious looking to my laurels.

কখনো সখনো আমি মদ খেয়ে থাকি। যাতে আমার সুনাম নষ্ট না হয় সেদিকে আমি সতর্ক দৃষ্টি রাখি।

Say, what can I do for you? I'm always ready to go through fire and water for your sake.

বলুন, আপনার জন্যে কি করতে পারি? আমি আপনার জন্যে যে কোন রকম কষ্ট সহিতে রাজী আছি।

I will stand none of your tricks. Can you say in keeping with the dictates of your conscience that you didn't tell lies?

আমি তোমার চালাকি খুচিয়ে দিচ্ছি। তুমি বুকে হাত বলতে পারো তুমি মিথ্যা বলো নি?

For aught I know, the man was tied to the apron-strings. He gives everything to his wife for the asking.

আমি যতদূর জানি লোকটি তার স্ত্রীর আঁচলে বাঁধা। চাহিবামাত্র তিনি সবকিছু বউকে দিয়ে দেন।

I do not care a brass farthing for you. Why are you giving vent to angry feelings upon me for nothing?

কেন শুধু শুধু আমার উপর ঝাল ঝাড়ছ? তুমি আমার কচু করবে!

This fact soon has gained currency that our *Prime Minister* has been assassinated a few hours ago.

কয়েক ঘন্টা আগে আমাদের প্রধানমন্ত্রী নিহত হয়েছেন — এই ব্যাপারটা শীঘ্রই চাউর হয়ে গেল।

Don't be cowed by danger. Rather pen a strong letter to the appropriate authority.

বিপদে ভীত হয়ো না। বরং সঠিক কর্তৃপক্ষকে একটি কড়া চিঠি লেখ।

I know the ins and outs of her character. Her very sight makes my blood boil.

তার চরিত্রের নাড়ী-নক্ষত্র আমি জানি। তাকে দেখলেই আমার গা জ্বালা করে।

They are trying to knock the bottom of your arguments. Still why are you keeping the ball rolling?

তারা তোমার যুক্তিকে সম্পূর্ণ অসার বলে প্রতিপন্ন করার চেষ্টা করছে। তবুও তুমি কেন তাদের সাথে আলাপ-আলোচনা চালিয়ে যাচ্ছ?

Why are you burning the midnight oil? Is your examination ahead?

তুমি কেন গভীর রাত পর্যন্ত জেগে পড়াশুনো করছ? তোমার পরীক্ষা কি সামনে?

Can you not brook any delay? Let me listen what they are saying.

তোমার কি আর তর সহিছে না? তারা কি বলছে একটু আমাকে শুনতে দাও।

He has become arrogant enough to bring about his own downfall. Now his days are numbered here below.

সে মরণবাড় বেড়েছে। এ পৃথিবীতে তার দিন ফুরিয়ে এসেছে।

You had tried to put the cart before the horse. Are you possessed by an evil spirit?

তুমি স্বাভাবিক অবস্থা বিগড়ে দেবার চেষ্টা করেছিলে। তোমার ঘাড়ে কি শয়তান চেপেছে?

Mind that we are all ears to what you do. We are no more to be deluded by your crocodile tears.

মনে রেখো তুমি যা কিছু করবে তাতেই আমাদের দৃষ্টি আছে। আমরা আর তোমায় মায়াকান্নায় ভুলছি না।

There is no love lost between them. Their relation is so hanging in the balance.

তারা আর মোটেই পরস্পরকে পছন্দ করে না। তাদের সম্পর্ক সুতরাং সুতোর উপর ঝুলছে।

Why are you blaming me thus? I swear in the name of goodness that I never did so.

কেন আমাকে এভাবে দোষারোপ করছ? দোহাই ধর্ম আমি একাজ করিনি।

You're calling me unchaste, but my withers are unrun.

তোমরা আমাকে অসতী বলছ, কিন্তু এ অপবাদ আমাকে আর স্পর্শ করে না।

He is putting me off from day to day. How can I get rid of him?

তিনি আমাকে বড্ড ঘোরাচ্ছেন? আমি তার হাত থেকে কিভাবে নিষ্কৃতি পেতে পারি?

I have not even heard of him, not to speak of seeing. Let it go at that.

তাকে দেখা তো দূরের কথা, আমি তাঁর সম্পর্কে কিছুই শুনি নি। অনেক হয়েছে, বন্ধ করো এ সব!

She was biding her time to pay off old scores. There is not a vestige of truth in this rumour.

সে পুরনো রাগ মেটাবার সুযোগ খুঁজছিল। যদিও এ গুজবের একটুও সত্য নয়।

I said that in jest, not in earnest. But I fear he will not see me again.

পরিহাস ছলে আমি একথা বলেছিলাম। কিন্তু সে হয়তো আর আমার সাথে দেখা করবে না।

Having got the hang of your argument, I tried to finish the work at concert pitch.

তোমার যুক্তির সারবত্তা বুঝতে পেরে আমি তৎপরতার সঙ্গে কাজটা শেষ করেছিলাম।

May your shadow never grow less. My son, butter your bread on both sides.

তোমার উন্নতি যেন অব্যাহত থাকে। পুত্র, পরম আরামে জীবন যাপন করো।

I have lost my love. What else is there to be in life?

আমি আমার ভালোবাসাকে হারিয়েছি। জীবনে আর কিসের অপেক্ষা?

Unit – 36

বিশেষভাবে ব্যবহৃত নানাবিধ অভিব্যক্তি
**Miscellaneous Expressions
 in Special Use**

Exercise - I

The girl has been leading her wooer by the nose.

মেয়েটি তার প্রেমিককে নাকে দড়ি দিয়ে ঘোরাচ্ছে।

The sailor has held on the oar like grim death during tempest in the mid-ocean.

মাঝ-সমুদ্রে ঝড়ের সময় নাবিকটি বজ্রমুষ্টিতে হাল ধরেছে।

Why are you making the fur fly with your nose in the air?

তুমি কেন উদ্ধতভাবে হাঙ্গামা সৃষ্টি করছ?

Taking it all in all, we did pile on her agony.

সমস্ত কিছু বিচার করে, আমরা তার কাটা ঘায়ে নুনের ছিটে দিয়েছিলাম?

That's flat! Why are you making money thus fly?

আমি তোমাকে স্পষ্টতঃ একথা বলছি, তুমি কেন এভাবে টাকা ওড়াচ্ছ?

Stop your harangue! I am now in the dumps.

তোমার বক্তৃতা রাখো। আমার মনটা এখন ধু ধু করছে।

My daughter is beside herself with joy having got the new toys.

আমার মেয়ে নতুন খেলনাগুলো পেয়ে আনন্দে আটখানা।

We had beaten the thief black and blue.

আমরা চোরটিকে আড়ং ধোলাই দিয়েছিলাম।

Having listened your jokes, I'm splitting my sides with laughter.

তোমার হাসির গল্প শুনে আমার পেটের নাড়ী ছিঁড়ে যাবার জোগাড়।

Go to the dogs. I no longer want to see your face.

জাহান্নামে যাও! আমি আর তোমার মুখ দেখতে চাই না।

She is now an infant in arms. How is she the apple of discord?

সে এখন সবে কোলের শিশু। সে কেন বিবাদের কারণ হতে যাবে?

Why have you kept your lady-love at arm's length so long?

তুমি কেন এতদিন তোমার প্রেমিকাকে দূরে সরিয়ে রেখেছ?

For the asking, I gave him 10 thousand rupees.

চাহিবামাত্র আমি তাকে ১০ হাজার টাকা দিয়েছিলাম।

Why have you come to me in the full dusk?

এই ভর-সন্ধ্যায় কেন তুমি আমার কাছে এসেছ?

For aught I know, she is a very good girl.

আমি যতদূর জানি সে খুব ভালো মেয়ে।

Do you have a bee in your bonnet?

তোমার মাথায় কি ছিট আছে?

Why have you hit me below the belt?

তুমি কেন আমাকে অন্যায়ভাবে আঘাত করলে?

I will go to your place tomorrow. Mind you don't forget it.

দেখো যেন ভুলো না, আমি আগামীকাল তোমাদের বাড়ী যাবো।

Exercise - II

I have loved that girl to the top of my bent.

স্বীয় অন্তরের অভিলাষ অনুযায়ী আমি ঐ মেয়েটিকে ভালোবেসেছিলাম।

Why did he go bersark seeing that man?

ওই লোকটিকে দেখে সে হঠাৎ কেন ক্ষিপ্ত হয়ে উঠেছিল?

She did these all for the best.

সে সদুদ্দেশ্যে এসব করেছিল।

Your logic is out and out beside the mark.

তোমার যুক্তি সম্পূর্ণ অপ্রাসঙ্গিক।

Did I not do for you to the best of my ability?

আমি কি আপনার জন্যে যথাসাধ্য করি নি?

Ram was having dyspnoea between whiles since last night.

গত রাত্রি থেকে কিছুক্ষণ বাদে বাদে রামের শ্বাসকষ্ট হচ্ছিল।

I was sipping tea bit by bit in the morning.

সকালে আমি একটু একটু করে চা চুমুক দিয়ে খাচ্ছিলাম।

My father did give a bit of his mind for my misconduct.

আমার দুর্ব্যবহারের জন্যে আমার বাবা আমাকে তীব্র তিরস্কার করেছিলেন।

We should proceed in life taking the bitter with the sweet.

সৌভাগ্য বা দুর্ভাগ্য নির্বিচারে গ্রহণ করে আমাদের জীবনের পথে এগিয়ে চলা উচিত।

Why are you talking blasphemy?

অধর্মিকের ন্যায় কথাবার্তা বলছ কেন?

Why do you blue your money in this dear market?

এই দুর্মূল্যের বাজারে কেন আপনি বেপরোয়াভাবে অর্থ ব্যয় করেন?

My friends come to our house once in a blue moon.

আমার বন্ধুরা কদাচিৎ আমাদের বাড়ীতে আসে।

I loved the girl at the first blush.

প্রথম দৃষ্টিতে আমি মেয়েটিকে ভালোবেসেছিলাম।

The woman is living along with her only son keeping body and soul together.

একমাত্র ছেলেকে নিয়ে ভদ্রমহিলা কষ্টেসুটে প্রাণধারণ করেন।

The husband of that lady is too fond of the bottle.

ওই মহিলার স্বামী অতিরিক্ত পানাসক্ত।

I had to bow to his opinion as his comments were out and out logical.

আমাকে তার অভিমত মেনে নিতে হয়েছিল কারণ তার যুক্তি ছিল অকাট্য।

How have you fallen thus in the strong box?

তুমি কিভাবে এমন ঝঞ্ঝাটে পড়লে?

He called on me above his breath from the roof.

সে ছাদের উপর থেকে আমাকে উচ্চৈঃস্বরে ডেকেছিল।

A boy was talking with his sweetheart under his breath.

ছেলেটি তার প্রেমিকের সাথে চাপা গলায় কথাবার্তা বলছিল।

Some women are fond of wearing the breeches.

কিছু কিছু নারীরা স্বামীর উপর কর্তৃত্ব করতে ভালোবাসে।

Exercise - III

Why are you making bricks without straw?

কেন তোমরা অসম্ভব কার্যসাধনের নিঃফল চেষ্টা করছো?

Learn to take the responsibility, why do you try to pass the buck?

নিজের দায়িত্ব নিতে শেখো। কেন অপরের কাঁধে দায়িত্ব চালান করার চেষ্টা কর?

What are you doing in such brown study?

এমন ধ্যানমগ্ন অবস্থায় তুমি কি করছো?

If you take the bull by the horns, you'll be able to win.

যদি তুমি সাহসের সঙ্গে বিপদের সম্মুখীন হতে পারো, তবেই তুমি জয়ী হতে পারবে।

Those who burn the candle at both ends, they will soon be stricken with adversity.

যারা মুখের ন্যায় অপচয় করে, তাদের শীঘ্রই দুর্দশাগ্রস্ত অবস্থা হবে।

My daughter is used to burn the midnight oil since her childhood.

আমার কন্যা ছেলেবেলা থেকে গভীর রাত্রি পর্যন্ত জেগে পড়াশুনো করতে অভ্যস্ত।

Let me have it out, you naughty boy! I shall teach you a good lesson.

তবে রে পাজী! তোমায় আমি দেখাচ্ছি মজা!

Not but that I am a good fellow, I was pretending thus.

তবে এই নয় যে আমি খুব ভালো লোক, আমি ঐরকম ভান করেছিলাম।

After marriage, my daughter along with her *hubby* was but-tering their bread on both sides.

বিয়ের পর আমার মেয়ে তার স্বামীর সাথে পরম আরামে জীবন-যাপন করছিল।

If I have perforce to go, I shall go tomorrow morning.

একান্তই যদি আমাকে যেতে হয়, আমি কাল সকালে যাব।

This big-budget movie is in the can.

বড় বাজেটের এই চলচ্চিত্রটি মুক্তির প্রতীক্ষায়।

Do you have any card up your sleeve?

তোমার কি কোনো গুপ্ত পরিকল্পনা আছে?

I did wrong not caring your words a damn.

আপনার কথা মোটেই গ্রাহ্য না করে ভুল করেছিলাম।

Why are you looking so care-worn?

তোমাকে এত দুঃশ্চিন্তাপীড়িত দেখাচ্ছে কেন?

No task can be accomplished only on carpet consideration.

শুধু কেবল মুরগিবির জোরে কোন কাজ হাসিল করা যায় না।

How have you been in the cart?

তুমি কিভাবে এমন বিশ্রী অবস্থায় পড়লে?

He did put the cart before the horse to imperil my life.

আমাকে বিপদে ফেলার জন্যে সে স্বাভাবিক অবস্থা বিগড়ে দিয়েছিল।

My friend is having the worm of conscience after committing the crime.

অপরাধ করার পর আমার বন্ধুটি বিবেকদংশনে ভুগছে।

He left home for ever shaking off the dust from him feet.

সকল সম্পর্ক ত্যাগ করে সে চিরতরে গৃহত্যাগ করেছিল।

I'm really happy in my success though I am no great shakes.

আমার সাফল্যে আমি যারপরনাই খুশি যদিও তা নজর কাড়ার মত কিছু নয়।

How much money had you gotten as marriage portion during the wedding of your son?

আপনার ছেলের বিয়ের সময় কত টাকা যৌতুক হিসাবে পেয়েছিলেন?

The lady was very beautiful in the prime of her life.

যৌবনকালে ভদ্রমহিলা খুব সুন্দরী ছিলেন।

Don't invest your hard-earn money hanging by a single thread.

অনিশ্চিত অবস্থার উপর নির্ভর করে নিজে কষ্টার্জিত অর্থ ব্যবসায় বিনিয়োগ কোরো না।

Instead of concentrating in his studies, the college-boy has been sowing his wild oats nowadays.

পড়াশুনায় মনোযোগ না দিয়ে কলেজ-ছাত্রটি আজকাল যৌবন-সুলভ আমোদ-প্রমোদে মেতে আছে।

They are fighting tooth and nail against the enemy.

তারা শত্রুদের বিরুদ্ধে প্রাণপণ শক্তিতে লড়াই চালিয়ে যাচ্ছে।

For mercy's sake, please you let me go, I'm like your daughter.

দোহাই আপনার! আমায় ছেড়ে দিন — আমি আপনার মেয়ের মত।

They were having soft nothings sitting inside the garden.

বাগানের মধ্যে বসে তারা দুজনে প্রেমালাপ করছে।

EXERCISE – 25.

Why are you babble for nothing? (**Babble = Meaning?**)

I did apply for (**live / leave**) but the headmaster didn't grant the leave.

The boy is too precocious, don't keep company with him. (**Precocious = Meaning?**)

Wives observe various types of vows, those are the parts of religious (**right / rite**).

Unit – 37

Use of Phrasal Verbs

Always try to **act upon** the advice of your teacher.

সর্বদা তোমার শিক্ষকের পরামর্শ অনুযায়ী কাজ করার চেষ্টা কোরো।

Why was she **asking after** your father so eagerly?

তিনি কেন তোমার বাবার সম্পর্কে এত উদ্বীণ হয়ে খবরাখবর নিচ্ছিলেন?

We are confident of **bearing away** the first prize in the tournament.

প্রতিযোগিতায় প্রথম পুরস্কার জিতে নেবার ব্যাপারে আমরা যারপরনাই আশাবাদী।

Mobile phone has **brought forth** a new dimension of standard living.

মোবাইল ফোন আমাদের জীবনযাত্রায় উন্নততর মাত্রা যোগ করেছে।

The opposition political party has **called off** the 24 hour strike.

বিরোধী রাজনৈতিক দল ২৪ ঘন্টার ধর্মঘট প্রত্যাহার করে নিয়েছে।

My ailing father will **come round** soon under the treatment of Dr. Ghosh.

ডঃ ঘোষের চিকিৎসায় আমার অসুস্থ বাবা শীঘ্রই আরোগ্য লাভ করবে।

This black law should be **done away with** soon in the country.
আমাদের দেশে এইরকম কালা-আইন শীঘ্রই রদ হওয়া উচিত।

Try to live **falling back upon** your earnings.
নিজের রোজগারের উপর নির্ভর করে বাঁচার চেষ্টা করো।

My brother has **got through** in the exam with good marks.
ভালো নম্বর পেয়ে আমার ভাই পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে।

The Chinese premier **gave away** prizes to the successful athletes in the *Olympic games*.

চীনের প্রধানমন্ত্রী অলিম্পিক গেম-এ সফল ক্রীড়াবিদদের হাতে পুরস্কার তুলে দিয়েছিলেন।

He has **given up** practising medicine since last year.
গত বছর থেকে তিনি ডাক্তারী ছেড়ে দিয়েছেন।

India **went in for** T-20 World Cup Cricket last time.
গতবার ভারত T-20 বিশ্বকাপ ক্রিকেট প্রতিযোগিতায় অংশ নিয়েছিল।

A newly married woman is to **keep her up with** the rest of the family.

একজন নববিবাহিত নারীকে শ্বশুরবাড়ীতে অন্যদের সাথে সমানতালে মানিয়ে চলতে হয়।

I don't understand why she **looks down upon** me.
আমি বুঝতে পারি না সে কেন আমাকে ঘৃণা করে।

The hunter **made away** the tiger **with** his gun.
শিকারী তার বন্দুকের সাহায্যে বাঘটিকে মেরে ফেলেছিল।

Who does want to **put up with** such arrogance?
কে বা এমন ঔদ্ধত্য সহ্য করতে চায়?

I was bound to **set aside** your request.
আমি আপনার অনুরোধ প্রত্যাখ্যান করতে বাধ্য ছিলাম।

The *Air-India* plane **took off** from the runway after having the clear visibility.

যথাযথ দৃশ্যমানতা পাবার পর এয়ার-ইন্ডিয়ার বিমানটি আকাশে উড়ে গিয়েছিল।

I couldn't **work out** this knotty problem.
এই জটিল সমস্যাটি আমি সমাধান করতে পারিনি।

EXERCISE – 26.

The valuable things down with a thump. (**fell / fail**)

She did stand still for hour after hour. But I couldn't turn (**for / up**) in time in spite of all my efforts.

I have not even (**hard / heard**) his name, not to speak of seeing.

You have been thinking in (**vain / vein**).

Unit – 38

Use of Some Important Idioms

A

Nobel-laureate Amartya Sen is a **man of letters**.

নোবেল-জয়ী অর্থনীতিবিদ অমর্ত্য সেন একজন পণ্ডিত ব্যক্তি।

We invited **all and sundry** to participate in the race.

আমরা সকলকেই দৌড় প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে আমন্ত্রণ জানিয়েছিলাম।

All at once, the boy fell down from the tree.

সহসা ছেলেটি গাছ থেকে পড়ে গেল।

The two neighbours are **at daggers drawn** with each other for long time.

দুই প্রতিবেশীর মধ্যে অনেকদিন ধরে দা-কুমড়ো সম্পর্ক।

Everything all around was **at sixes and sevens** after the storm was over.

বাড়ি থেকে যাবার পরে চারিদিকে সবকিছু ছড়িয়ে ছিটিয়ে ছিল।

At length, we ended the discussion with a concensus.

অনেক আলোচনার পর অবশেষে আমরা ঐক্যমতে পৌঁছেছিলাম।

O
Y
S
T
E
R

I
N
D
I
A

B

The condition of the poor of our country is always **beggars description**.

আমাদের দেশের গরীবদের অবস্থা সবসময় বর্ণনার অতীত।

The Headmaster did **bring to book** for the rude behaviour of that student.

প্রধান শিক্ষক মহাশয় ছেলেটির নির্মূল ব্যবহারের জন্যে কৈফিয়ৎ তলব করেছিলেন।

The rising price of all essential commodities is one of the **burning questions** today.

নিত্য-প্রয়োজনীয় জিনিসপত্রের মূল্যবৃদ্ধি এখন একটি জ্বলন্ত সমস্যা।

We have just got the **bird's-eye view** knowledge about the new city.

নতুন শহরটা সম্পর্কে আমরা কেবলমাত্র উপর-উপর একটা ধারণা পেয়েছি।

I did read the novel **between the lines** to appreciate the flavour of all the characters of it.

উপন্যাসটির অন্তর্নিহিত অর্থ উপলব্ধি করে রসগ্রহণ করার জন্যে আমি সেটি মনোযোগ দিয়ে পড়েছিলাম।

The use of cellular phones is increasing by **leaps and bounds** in *India*.

ভারতবর্ষে মোবাইল ফোনের ব্যবহার দ্রুতগতিতে বেড়ে চলেছে।

The sages are loved by all **by dint of** their virtue.

সাধু-সন্ন্যাসীরা তাঁদের মহৎ গুণের জন্যে সকলের ভালোবাসা পান।

C

The young lady shed **crocodile tears** at her mother-in-law's death.

জনৈক ভদ্রমহিলা তাঁর শ্বশুরের মৃত্যুতে মায়াকান্না কেঁদেছিলেন।

The police officer was **caught red-handed** during taking bribe.

ঘুস নেবার সময় পুলিশ আধিকারিকটি হাতেনাতে ধরা পড়েছিলেন।

Come what may, I will go to school today as our exam is starting from tomorrow.

যাই হোক না কেন, আজ আমি স্কুলে যাবো কেন না আগামী কাল থেকে আমাদের পরীক্ষা শুরু হচ্ছে।

I was **cut to the quick** having listened the death of your father.

তোমার বাবার মৃত্যু-সংবাদ শুনে আমি যারপরনাই মর্মান্বিত হয়েছিলাম।

Spain has **carried the day** in the last *Football World-Cup*.

গত বিশ্বকাপ ফুটবলে স্পেন জয়ী হয়েছিল।

They did not believe my **cock and bull story** in the least.

তারা আমার গাঁজাখুরি গল্প আদৌও বিশ্বাস করে নি।

O Y S T E R I N D I A

Hard-work and dedication are the **crying needs** for a student wishing great success in the exam.

পরীক্ষায় বৃহৎ সাফল্য পেতে গেলে একজন ছাত্রের কঠোর পরিশ্রমী ও উৎসর্গীকৃত প্রাণ হওয়া খুবই প্রয়োজন।

D

The common people now-a-days is **dead against** any type of *bandh*.

আজকাল সাধারণ মানুষ বন্ধের ঘোরতর বিরোধী।

My uncle **died in harness** from *abdominal cancer*.

আমার কাকা কর্মরত অবস্থায় ক্যান্সারে মারা গিয়েছিলেন।

Netaji Subhas Chandra Bose did **yeoman's service** for the sake of our beloved country.

নেতাজী সুভাষ বোস আমাদের দেশের যারপরনাই উপকার করেছিলেন।

Why are you playing such **double game** with us?

আপনি আমাদের সাথে কেন এমন ভণ্ডামি করছেন?

E

All my endeavours have **ended in smoke** as I couldn't succeed in the exam.

আমার সব প্রচেষ্টা নিঃশব্দ হয়েছিল যেহেতু আমি পরীক্ষায় সফল হতে পারি নি।

Why do you come here **every now and then**?

তুমি প্রায়ই কেন এখানে আসো?

Was not Mother Teresa **every inch** an *Indian*?

মাদার টেরেসা কি একজন পুরোপুরি ভারতীয় ছিলেন না?

F

Having felt the situation unbearable, I decided to leave my native village **for good**.

পরিস্থিতি অসহ্য বিবেচনা করে আমি চিরতরে আমার গ্রাম ছাড়ার সিদ্ধান্ত নিয়েছিলাম।

Why did you **fight shy of** your *English* teacher?

তোমরা কেন তোমাদের ইংরাজী শিক্ষককে এড়িয়ে চলতে?

The judge had always been **fair and square** in his verdicts throughout his long tenure.

বিচারক মহাশয় তাঁর দীর্ঘদিনের মেয়াদে রায়দানের সময় সর্বদা ন্যায়পরায়ণ ছিলেন।

I'm warning you **for good and all** not to do so.

এমনটা না করার জন্যে আমি তোমাকে শেষবারের মত সতর্ক করছি।

Bijoy is, as far as I know, **far and away** the best boy in the locality.

আমি যদুর জানি, বিজয় নিঃসন্দেহে পাড়ার সবচেয়ে ভালো ছেলে।

O
Y
S
T
E
R
I
N
D
I
A

G

My elder son has **gone to the dogs** falling into the clutches of bad boys.

খারাপ ছেলেদের পাল্লায় পড়ে আমার বড় ছেলেটি গোল্লায় গেছে।

Why did you not **get** the *English* poem **by heart**?

তুমি ইংরাজী কবিতাটি মুখস্থ করো নি কেন?

It **goes without saying** that Mr. Roy is a good *Physics* teacher.

মিঃ রায় যে একজন ভালো পদার্থবিদ্যার শিক্ষক তা না বললেও চলে।

I had to **go through fire and water** before getting my first job.

প্রথম চাকরীটা পাবার আগে পর্যন্ত আমাকে অশেষ অসুবিধা ভোগ করতে হয়েছিল।

H

The opposition party inside the *State Assembly* raised **hue and cry** over the new enactment.

নতুন আইনটি নিয়ে বিধানসভার মধ্যে বিরোধী দল হৈচৈ শুরু করেছিল।

He has been moving **heaven and earth** to qualify for NET examination.

নেট পরীক্ষায় সফল হওয়ার জন্য সে প্রাণপণে চেষ্টা করছে।

Can't you **hold your tongue for** some time?

তুমি কি কিছুক্ষণের জন্যেও চুপ থাকতে পারো না?

Why are you so **hanging in the balance**? Try to take a decision.

এভাবে কেন আপনি সংশয়ে দোলাচলে দুলছেন? একটা সিদ্ধান্ত নেবার চেষ্টা করুন।

There are certain **hard and fast** rules in this school.

এই স্কুলে নির্দিষ্ট কিছু বাঁধাধরা নিয়ম আছে।

I

Patch-work is going on **in full swing** of our locality.

আমাদের এলাকায় রাস্তা সারাইয়ের কাজ পুরোদমে চলছে।

Miss Neena is **in the good books** of her boss.

মিস্ নীনা তার বস-এর সুনজরে আছে।

Is it not **an irony of fate** that you didn't get any job yet?

তুমি এখনো চাকরী পাও নি এটা কি ভাগ্যের পরিহাস নয়?

You send me all the **ins and outs** of the matter by tomorrow evening.

আগামী কাল সন্ধ্যার মধ্যে আপনি আমাকে ব্যাপারটার খুঁটিনাটি জেনে পাঠান।

The advertisements are always taken by the agents of the newspaper **in good faith**.

খবরের কাগজের বিজ্ঞাপন সর্বদা সরল বিশ্বাসে নেওয়া হয়।

His mobile was picked from the pocket **in the twinkling of an eye**.

চোখের নিমেষে তার মোবাইলটা পকেট থেকে চুরি হয়ে গিয়েছিল।

The police officer requested me to tell the fact **in a nutshell**.

পুলিস আধিকারিক আমাকে সংক্ষেপে ঘটনাটা বলতে বলেছিলেন।

That *Income-Tax officer* is fond of having the **itching palm**.

ওই ইনকাম ট্যাক্স অফিসারটির ঘুষ নেবার প্রবণতা আছে।

J

I tried to **jog his memory** about the age-old incident.

বহুদিনের পুরানো ঘটনাটা সম্পর্কে আমি তাকে স্মরণ করতে চেষ্টা করিয়েছিলাম।

Those who are **jack of all trades** are master of none.

যারা সবজাস্তা তারা কোনো বিষয়ে ভালোভাবে জানে না।

Why do you **jump the queue** to take the ration?

লাইন ভেঙে কেন আপনি রেশানের মাল নিতে চান?

Don't do any **blue jokes** with elders.

বড়দের সাথে অশোভন ঠাট্টা করো না।

Why did you give me **Judus Kiss**?

আপনি কেন আমার সাথে বিশ্বাসঘাতকতা করেছিলেন?

K

She is to **keep late hours** often because of her father's illness.

তাকে প্রায়ই অনেক রাত পর্যন্ত জাগতে হয় তার বাবার অসুস্থতার জন্যে।

All my **kith and kin** attended the requiem of my dead grandfather.

আমার মৃত পিতামহের আত্মার শান্তিকামনার প্রার্থনায় আমার সকল আত্মীয়-স্বজন এসেছিলেন।

I **brought** my enemies to my **knees** ahead of final victory.

চূড়ান্ত জয়লাভের আগে আমি আমার শত্রুদের বশ্যতাস্বীকারে বাধ্য করিয়েছিলাম।

L

My poor **uncle live from hand to mouth**.

আমার গরীব কাকা দিন আনে দিন খায়।

I am not interested to listen to your **lame excuse** now.

আমি এখন তোমার বাজে ওজর-আপত্তি শুনতে আগ্রহী নই।

Why are you thus making yourself a **laughing stock** of your friends?

তুমি বন্ধুদের কাছে কেন এভাবে নিজেকে হাস্যস্পদ করে তুলছ?

O
Y
S
T
E
R

I
N
D
I
A

My son **left no stone unturned** to get the prestigious job.

সম্মানজনক চাকরীটা পাওয়ার ব্যাপারে আমার ছেলে চেষ্টার কোনোরকম ত্রুটি করে নি।

His elder brother did take the **lion's share** of their ancestral property.

তার বড় দাদা তাদের পৈতৃক সম্পত্তির সিংহভাগ দখল করেছিল।

M

I gave my **maiden speech** in the *Science City Auditorium*.

সায়েন সিটি প্রেক্ষাগৃহে আমার জীবনের প্রথম বক্তৃতা দিয়েছিলাম।

She has **made up his mind** to become a dancer.

সে একজন নর্তকী হবে বলে মনস্থির করেছে।

The accused did not **make a clean breast** of his crime before the court.

আসামী আদালতের কাছে তার অপরাধের সব কথা খুলে বলে নি।

N

All her hopes to become a doctor were **nipped in the bud** as she couldn't qualify for *MBBS* joint entrance exam.

ডাক্তারী পরীক্ষার প্রবেশিকায় যোগ্যতা অর্জন না করতে পারায় তার ডাক্তার হওয়ার সমূহ স্বপ্ন অন্ধুরে বিনষ্ট হয়েছিল।

This black act has now become **null and void**.

এই কালাকানুনটি সম্প্রতি বাতিল হয়েছে।

One day I had a **narrow escape** from being run over by a bus.

একদিন আমি বাসের তলায় চাপা পড়ার হাত থেকে অল্পের জন্যে রক্ষা পেয়েছিলাম।

O

My friend hit my head **on the spur** of the moment.

মুহূর্তের উত্তেজনায় আমার বন্ধুটি আমার মাথায় আঘাত করেছিল।

The servant was given an allowance of 500 rupees **over and above** his routine salary ahead of *Durga Puja*.

দুর্গাপূজার প্রাক্কালে চাকরটিকে তার বেতনের সাথে আরো ৫০০ টাকা ভাতা দেওয়া হয়েছিল।

His uncle is **out and out** a profligate and fibbing.

তার কাকা পুরোদস্তুর মিথ্যাবাদী ও অসদাচারী।

All his attempts to get a goal were **of no avail** in the field.

মাঠে তার গোল করার সব চেষ্টা ব্যর্থ হয়েছিল।

I request you **once and for all** to return my money which you had borrowed last month.

গত মাসের ধার নেওয়া টাকাটা ফেরৎ দেবার জন্যে আমি তোমাকে শেষবারের মতো অনুরোধ করছি।

Whether *honour killing* is good is yet an **open question** in the society.

সম্মানরক্ষায় মৃত্যুদণ্ড ভালো কিনা, সমাজে এটি এখনও একটি বিতর্কের বিষয়।

My father is **over head and ears** in debt for trade depression.

ব্যবসায় মন্দার জন্যে আমার বাবা খাণ্ডে আকণ্ঠ নিমজ্জিত।

The popularity of the ruling party in *India* is **on the wane**.

ভারতবর্ষে শাসকদলের জনপ্রিয়তা ক্রমশঃ হ্রাস পাচ্ছে।

P

I relied on my friend's help, but he **played me false** directly.

আমি বন্ধুটির সাহায্যের উপর নির্ভর করেছিলাম, কিন্তু সে সরাসরি আমাকে প্রতারণা করেছিল।

Why do you **pick a quarrel** with your friends for nothing?

তুমি তোমার বন্ধুদের সাথে গায়ে পড়ে শুধু শুধু ঝগড়া করো কেন?

Don't you feel shame to **play ducks and drakes** with your father's hard-earned money?

তোমার বাবার কষ্টার্জিত রোজগারের টাকা নিয়ে ছিনিমিনি খেলতে তোমার লজ্জা করে না?

Chastity is the **part and parcel** of a virgin girl's character.

সতীত্ব একজন কুমারী নারীর চরিত্রের অবিচ্ছেদ্য অংশ।

Q

Your insult **cut me to the quick** during conversation.

কথাবার্তা বলার সময় তোমার অপমান আমাকে মর্মান্বিত করেছিল।

We **called** his decision **in question** regarding the divorce.

বিবাহ-বিচ্ছেদ-সংক্রান্ত তাঁর সিদ্ধান্তে আমরা আপত্তি তুলেছিলাম।

R

This age-old club is **running short of funds**.

শতাব্দী প্রাচীন ক্লাবটি আর্থিক অনটনে পড়েছে।

The **rank and file** of the locality greeted the new leader cordially.

এলাকার সমস্ত শ্রেণীর জনসাধারণ নতুন নেতাকে উষ্ণ অভিনন্দন জানিয়েছিল।

15-th *August* is a **red-letter day** in the *Indian* history.

ভারতের ইতিহাসে ১৫ই অগস্ট একটি গুরুত্বপূর্ণ স্মরণীয় দিন।

I did try to **read between the lines** of the poem.

আমি কবিতাটির মর্মার্থ বোঝার চেষ্টা করেছিলাম।

S

My wife made me **scape goat** for all her faults.

আমার স্ত্রী তার নিজের সব অপরাধের জন্যে আমাকে দায়ী করেছিল।

Boys raised a **storm in the tea cup** over their defeat in the school-match.

বিদ্যালয়ের মাঠের খেলায় তাদের হারের জন্যে ছেলেরা চায়ের কাপে তুফান তুলেছিল।

O
Y
S
T
E
R
I
N
D
I
A

My family and the family of my *uncle* were **sworn enemies** for long time.

আমাদের এবং কাকাদের ফ্যামিলির মধ্যে অনেকদিন ধরে চরম শত্রুতা চলে আসছে।

The mediator **spared** himself **no pains** to bring about a consensus between the two rival groups.

মধ্যস্থতাকারী যুযুধান দুই পক্ষের মধ্যে ঐক্যমত্যে পৌঁছে দিতে চেষ্টার ক্রটি করেন নি।

Why do you **steer clear of** me whenever we meet?

যখনই আমাদের দেখা হয়, তুমি আমাকে এড়িয়ে চল কেন?

T

My doctor warned me **time and again** not to take alcohol.

ডাক্তারবাবু আমাকে মদ না খেতে বার বার সতর্ক করেছিলেন।

The Indian civil society has been fighting **tooth and nail** against internal terrorism.

অভ্যন্তরীণ সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের সভ্য সমাজ তীব্রভাবে লড়াই চালিয়ে যাচ্ছে।

Why are you running **to and fro** in far into the midday?

এই ভরদুপুরে তুমি এদিক-ওদিক ছুটে বেড়াচ্ছ কেন?

My bosom friend stood by me **through thick and thin**.

আমার প্রিয় বন্ধুটি সবরকম বিপদের মধ্যে আমার পাশে দাঁড়িয়েছিল।

Mr. Rana is, for aught I know, wicked **to the backbone**.

আমি যদূর জানি মিঃ রানা একজন হাড়ে হাড়ে শয়তান লোক।

You had failed in the exam as you **turned a deaf ear** to my advice.

আমার উপদেশ কর্ণপাত করো নি বলে তুমি পরীক্ষায় অকৃতকার্য হয়েছিলে।

Why do you lose your head **at the time of** danger?

বিপদের সময় কেন তুমি বিচারশক্তি হারিয়ে ফেল ?

Now I no longer **bear any grudge against** you.

আমি এখন আর আপনার বিরুদ্ধে কোনো বিরূপভাব পোষণ করি না।

Having heard the policemen coming, the culprit **took to the heels** at once.

পুলিশ আসছে শুনে দাগী আসামীটি তৎক্ষণাৎ চম্পট দিয়েছিল।

Why do you **speak ill of** others behind their back?

তুমি অন্যের পিছনে তাদের নিন্দা করো কেন ?

U

If you are to succeed in life, you've to **be up and doing**.

জীবনে সফল হতে গেলে তোমাকে যারপরনাই উদ্যোগী হতে হবে।

SPOKEN ENGLISH * Jakir Hossain Laskar

O
Y
S
T
E
R

I
N
D
I
A

Whether the *President of India* will forgive the accused is **under consideration**.

ভারতের রাষ্ট্রপতি দেয়ীকে ক্ষমা করবেন কিনা তা তাঁর বিচারাধীন।

We are to go through many **ups and downs** in our life.

জীবনে আমাদের অনেক বাধা-বিঘ্ন উত্থান-পতন অতিক্রম করে যেতে হয়।

V

Terrorism in *India* is a **vexed question** at present.

ভারতে সম্ভ্রাসবাদ এখন একটি বহু আলোচিত প্রশ্ন।

The use of cellular-phone is **all the vogue**.

মোবাইল ফোনের ব্যবহার এখন সর্বত্র জনপ্রিয়।

Didn't you feel **the still small voice** after doing the crime?

অন্যায়টা করার পর তুমি কি বিবেকদংশন অনুভব কর নি ?

W

The new Premier was received by the countrymen **with open arms**.

দেশের জনগণ নতুন প্রধানমন্ত্রীকে সাদরে অভ্যর্থনা জানিয়েছিল।

Please send me the **why and wherefore** of the matter as soon as possible.

যত শীঘ্র সম্ভব দয়া করে বিষয়টি সম্বন্ধে খুঁটিনাটি তথ্য আমাকে পাঠাও।

SPOKEN ENGLISH * Jakir Hossain Laskar

The present audience cheered the speaker cordially **with one voice**.

উপস্থিত শোভূর্বর্গ সমস্বরে বক্তাকে আন্তরিকভাবে উৎসাহিত করেছিল।

Will you be with me in **weal and woe** throughout my life?

তুমি কি সারাজীবন সুখে দুঃখে আমার সাথে থাকবে?

Who does not work **with an eye to** his own interest?

কে নিজের স্বার্থ ছাড়া কাজ করে?

Daily wage-earners are not **well-off** now-a-days.

দিন আনে দিন খায় শ্রমিকেরা আজকাল সচ্ছল নয়।

Y

We caught fish in the pond **by the yard**.

আমরা পুকুরে প্রচুর পরিমাণে মাছ ধরেছিলাম।

Who will come forward to **throw off the yoke** for the have-nots?

সর্বহারাদের দাসত্বশৃঙ্খল মোচনে কে এগিয়ে আসবে?

When did your father **yield up the ghost**?

আপনার বাবা কখন মারা গিয়েছিলেন?

M.K.Gandhi did **yeoman's service** to our nation.

মহাত্মা গান্ধী আমাদের জাতির জন্য প্রভূত উপকার করেছিলেন।

O Y S T E R I N D I A

Z

The *Women Reservation Bill* was moved in the *Lower House* of the Parliament during **zero hour**.

অধিবেশনের শুরুতে লোকসভায় মহিলা সংরক্ষণ বিল উত্থাপিত হয়েছিল।

EXERCISE – 27.

He didn't want to make a clean breast of everything. Methinks, he has **(get / got)** frightened!

Your way of doing things is not liked by me. You're **retrenched** from job. (**Retrench = Meaning?**)

I do not care a **(brass / brush)** farthing for you! I don't fear your darting angry glances.

Can't your mother see all that happens **(by / under)** her nose?

Why are you so uttering a cry **(of / for)** distress?

He did heave a sigh of relief. Raining and have been started in the outside. (**Tempest = Meaning?**)

Everyon is to keep **(abreast / a breast)** of the times. Otherwise we have to face so much inpediments in life ahead.

The boy did beat me right and left, **(though / through)** I didn't misbehave with him.

The girl has got the husband her heart. Now they are setting in domestic life with great pleasure. **(after / for)**

People will cry shame on us if you disclose it **(in / to)** public.

I'm not fond **(of / for)** washing dirty linen in public.

Do you think, I don't understand your **drudgery?** (**Drudgery = Meaning?**)

My father is over head and ears in **(date / debt)**.

Don't know, how we will get of that loan. **(read / rid)**

Unit – 39

বিবিধ বাক্যরূপের বিশেষ ব্যবহার
Sentences Expressed in Various
Special Use

Exercise - I

Where are you searching to gather life's roses?

জীবনের ভোগবিলাস ও সুখ-স্বচ্ছন্দ্য কোথায় খুঁজে বেড়াচ্ছ?

Why are you so much rough-necked?

তুমি এত দুর্বিনীত কেন?

I had tried to solve the matter pouring oil on troubled waters.

মিষ্টি কথায় গোলমালটা মিটিয়ে দেবার জন্যে আমি চেষ্টা করেছিলাম।

Learn to live paddling your own canoe.

কেবলমাত্র নিজের উপর নির্ভর করে বাঁচতে শেখো।

Why do you always lie in your throat?

তুমি সর্বদা কেন নির্লজ্জের মত মিথ্যা কথা বলো?

I will not take this insult lying down.

এ অপমান আমি মুখ বুজে সহ্য করবো না।

Your voice is not delicate. Why are you ploughing the sands for being a singer?

তোমার গলা ভালো নয়, কেন তবু তুমি গায়ক হবার জন্যে বৃথা পরিশ্রম করছ?

My octogenarian grand-mother has been ill since several years. Her number has gone up.

আমার অশীতিপর ঠাকুমা বেশ কয়েকবছর ধরে অসুস্থ। তাঁর বোধ হয় আয়ু ফুরিয়েছে।

He escaped from accident by the skin of his teeth.

তিনি দুর্ঘটনার হাত থেকে অল্পের জন্যে পরিত্রাণ পেয়েছিলেন।

What was your ulterior motives to meet that woman in so late at night?

এত রাতে ঐ মহিলার সাথে দেখা করার তোমার কি গোপন উদ্দেশ্য ছিল?

He was accused of guilty in the tribunal of public opinion.

জনতার আদালতে তিনি দোষী সাব্যস্ত হয়েছিলেন।

How can I get a good riddance from the clutches of that obstinate stickler?

ওই ছিনেজৌকের হাত থেকে কিভাবে আমি আকাঙ্ক্ষিত নিষ্কৃতি পেতে পারি?

They were hanging in the balance with contending passions.

পরস্পরবিরোধী আবেগ নিয়ে তারা দোলাচলে দুলছে।

My uncle is no long for this world.

আমার কাকা মরনোমুখ।

I am ready to take the plunge for divorce in the strict sense.

একেবারে সঠিক অর্থে আমি বিবাহ-বিচ্ছেদের ব্যাপারে চরম সিদ্ধান্ত নিতে চলেছি।

Why are you not pulling out all the stops to get a job?

একটা চাকরীর জন্যে তুমি কেন আপ্রাণ চেষ্টা করছ না?

Hold your jaw! I don't want to listen from you anything.

চোপ রও! আমি তোমার থেকে কিছু শুনতে চাই না।

There is no love lost between them.

তারা মোটেই পরস্পরকে পছন্দ করে না।

My little daughter was sleeping in the afternoon like a top.

আমার ছোট মেয়েটি বিকালে অসাড়ে ঘুমাচ্ছে।

Exercise - II

Why do you frequently visit the lock hospital?

তুমি প্রায়ই যৌনব্যধির হাসপাতালে যাও কেন?

I was out of my wits after being fired from service.

চাকরী থেকে বরখাস্ত হওয়ার পর আমি কিংকর্তব্যবিমূঢ় হয়ে পড়েছিলাম।

Having Mr. Sen on toast, they caused great harm to him.

মিঃ সেনকে সম্পূর্ণ বাগে পেয়ে তারা তাঁর প্রভূত ক্ষতিসাধন করেছিল।

I swear in the name of goodness that I never said so.

দোহাই ধর্ম, আমি একথা বলিনি।

He bid adieu for ever from here below.

পৃথিবী থেকে তিনি চিরবিদায় গ্রহণ করেছিলেন।

I shall stay with you for ever through fair and foul.

ভালোমন্দ সব অবস্থায় আমি চিরদিন তোমার সাথে থাকবো।

A brilliant student can see through a brick wall.

একজন ভালো ছাত্র অসাধারণ তীক্ষ্ণবী হতে পারে।

You need not show this mock-modesty.

তোমার এমন কৃত্রিম বিনয় দেখানোর দরকার নেই।

She went out from the room shaking the dust off her feet.

তিনি রাগে গরগর করতে করতে ঘরের বাইরে চলে গিয়েছিলেন।

Having seen the moral backbone, I did pat him on the back.

নৈতিক দৃঢ়তা দেখে আমি তার পিঠ চাপড়ে দিয়েছিলাম।

Why are you being as mad as a hatter?

তুমি এত ত্রুদ্ব হচ্ছ কেন ?

Don't wash your family's dirty linen in public.

নিজেদের জঘন্য পারিবারিক গোপন ব্যাপার জনসমক্ষে প্রকাশ কোরো না।

Why are you thus playing with edgetools?

তুমি কেন এমন আগুন নিয়ে খেলা করছো ?

Having listened your request, I was on the horns of a dilemma.

আপনার অনুরোধ শুনে আমি উভয়-সংকটে পড়েছিলাম।

Don't you feel shame being dressed in borrowed plumes?

অন্যের ধার করা পোশাকে নিজেকে সাজাতে তোমার লজ্জা করে না ?

Having heard the train-accident, I had my heart in my boots.

রেল-দুর্ঘটনার খবর শুনে আমি ভয়ে স্তম্ভিত হয়ে গিয়েছিলাম।

My friend did born under a lucky star.

আমার বন্ধুটি বড়লোক হয়ে জন্মেছিল।

We should always keep our eyes on the ball to make good our footing.

নিজ অধিকার দৃঢ়রূপে স্থাপন করার জন্য আমাদের সদা-সর্বদা সতর্ক থাকা উচিত।

Have you been thrown off your balance?

আপনি কি মানসিক ভারসাম্য হারিয়েছেন ?

Why are you afraid of your own shadow?

তুমি এত ভীতু কাপুরুষ কেন ?

Are you laughing in your sleeves watching my sorrow?

আমার দুঃখ দেখে তুমি মনে মনে আনন্দ পাচ্ছ ?

Exercise - III

Always do the needful not letting the grass grow under your feet.

সময় নষ্ট না করে ঠিক কাজটা ঠিক সময় করো।

I was at my wits end in her furtive glance.

আমি তার আড়চোখের চাহনিত্তে সম্পূর্ণ বিহ্বল হয়ে পড়েছিলাম।

My father was cudgeling his brain ahead of my sister's wedding.

আমার বোনের বিয়ের আগে চিন্তায় আমার বাবা মাথা কুটে মরছিলেন।

Why do you have so canine appetite for the flesh of women?

তোমার এমন অতৃপ্ত নারীতৃষ্ণা কেন ?

The court did put the saddle on the right horse.

আদালত প্রকৃত দোষীকে দোষী সাব্যস্ত করেছিল।

I am tired of listening curtain lecture.

শয্যায় গৃহিনীর ভৎসনা শুনতে শুনতে আমি ক্লান্ত হয়ে পড়েছি।

They requested me to draw the curtain over this matter.

এই ব্যাপারে আর কিছু না বলতে তারা আমাকে অনুরোধ করেছিল।

As I see it, your love for me is cupboard love.

আমার ধারণা, ধন-সম্পত্তির লোভে তুমি আমায় ভালোবাসা দেখাচ্ছে।

I did read that *English* novel with bated breath.

রুদ্ধ নিঃশ্বাসে আমি ইংরাজী উপন্যাসটি পড়েছিলাম।

My uncle is a big shot, so he is too big for his boots.

আমার কাকা খুব নামজাদা লোক, তাই তিনি খুঁটনো দাঁড়িও বটে।

During *Durga Puja* holidays children wear their best bib and tucker.

দুর্গাপূজার ছুটিতে ছেলেমেয়েরা সবচেয়ে ভালো পোষাক আশাক পরে।

Please don't stand on ceremony. No need to be formal.

ভদ্রতার বালাই ঝেড়ে ফেলে সহজ সরল হও। লৌকিকতা করার দরকার নেই।

What a hordid sight! The man was murdered in front of me.

কী ভয়ানক দৃশ্য! লোকটাকে আমার সামনে হত্যা করা হয়েছিল।

I have thrashed him severely.

আমি তাকে একহাত নিয়েছি।

Are you a raving bonkers?

তুমি কি বদ্বপাগল?

They have done such gallows humour with me times without number.

তারা অসংখ্যবার আমার সাথে এমন মারাত্মক রসিকতা করেছে।

He has made a rod for his own back giving shelter to that widow.

ওই বিধবা মহিলাকে আশ্রয় দিয়ে তিনি নিজেই নিজের ঝামেলা ডেকে এনেছেন।

I have taken decision to wreak vengeance upon my sworn enemies.

আমার চিরশত্রুদের বিরুদ্ধে আমি প্রতিহিংসা চরিতার্থ করার সিদ্ধান্ত গ্রহণ করেছি।

Are they your own flesh and blood?

তারা কি সবাই তোমার নিকট আত্মীয়?

As I see, you are up to the ears in sorrow. What's eating you?

তুমি দেখছি দুঃখে সম্পূর্ণ নিমগ্ন। কিসে তোমাকে কুরে কুরে খাচ্ছে?

How much money have you taken as marriage portion?

বিবাহে যৌতুক হিসাবে তুমি কত টাকা নিয়েছ?

They insulted severely catching me on the hip.

বাগে পেয়ে তারা আমাকে যারপরনাই অপমান করেছিল।

What a nuisance! You've come down on the right side of the fence!

ভালো রে ভালো! তুমি কিনা বিজয়ীপক্ষে গিয়ে যোগ দিলে!

I wish I could go.

যেতে পারলে ভালো হত।

How long shall I put up with such insult taking it lying down?

আর কতকাল আমি আর এ অপমান সহ্য করবো?

What else is there to be in life?

জীবনে আর কিসের অপেক্ষা?

Let it be what it may, we will swim in the river.

যাই হউক না কেন, আমরা নদীতে সাঁতার কাটবো।

Why are you taking leave of your senses?

আপনি এমন উন্মাদের মত আচরণ করছেন কেন?

Unit – 40

বহুবিধ অভিব্যক্তির বিশিষ্ট ব্যবহার Miscellaneous Use of Some Special Expressions

Exercise - I

I didn't ever see any shrinking violet like you.

আমি তোমার মত লাজুক ছেলে আর দেখি নি।

Who can refute the eternal verities having got the better of his destiny?

বিধির বিধান কে খন্ডাতে পারে?

I do not know an iota of this matter.

এই ব্যাপারে আমি বিন্দুবিসর্গ কিছুই জানি না।

Have the goodness to come to my place, please.

দয়া করে একবার আমাদের বাড়ীতে আসুন।

Sooth to say, the sister of my friend is fond of playing goose-berry.

সত্যি কথা বলতে কি, আমার বন্ধুর বোন দুটি ছেলেকে একসাথে নাচাচ্ছে।

At last you have to eat humble pie!

সেই তো করতে হল অবশেষে!

Why do you waste your time reading such dime novels?

সস্তা রোমাঞ্চকর উপন্যাসগুলি পড়ে তুমি কেন অযথা সময় নষ্ট কর?

My uncle is used to get out of bed on the wrong side everyday.

আমার কাকা প্রত্যেকদিন তিরিষ্কি মেজাজ নিয়ে ঘুম থেকে ওঠেন।

He is putting me off, to all intents and purposes, from day to day.

সে কার্যতঃ আমাকে বড্ড ঘোরাচ্ছে।

Everyone is compelled to have a head like a sieve during decrepitude.

বার্ধক্যে সবার স্মরণশক্তি দুর্বল হয়ে যেতে বাধ্য।

The troops from accross the border at last did haul down their colours.

সীমান্ত পারের সৈন্যদল অবশেষে পরাজয়স্বীকার পূর্বক আত্মসমর্পণ করেছিল।

I never saw any *God's epe* like him.

আমি তার মতো জন্ম-বোকা জীবনে দেখি নি।

We pulled the chestnuts out of the fire during his danger at concert pitch.

বিপদের সময় তৎপরতার সঙ্গে আমি তাঁকে কঠিন বিপন্ন অবস্থা থেকে উদ্ধার করেছিলাম।

He did fly off the handle not having got the hang of my argument.

আমার যুক্তি বুঝতে না পেরে তিনি আমার উপর অত্যন্ত ক্রুদ্ধ হয়ে আত্মসংযম হারিয়েছিলেন।

Everyone is busy to take care of number one.

সবাই নিজের স্বার্থের প্রতি নজর রাখতে ব্যস্ত।

Why had you shown your son the door?

আপনার ছেলেকে বাড়ী থেকে তাড়িয়ে দিয়েছিলেন কেন?

One of our neighbours is a dope fiend and a villain of the deepest dye.

আমার প্রতিবেশীদের মধ্যে একজন নেশাখোর এবং চরম দুর্বৃত্ত প্রকৃতির লোক।

This trick of theirs will be of no avail.

তাদের এই কৌশল আর খাটবে না।

My friend's intoxication has not yet passed away.

আমার বন্ধুটির নেশা এখনো কাটে নি।

Exercise - II

We had to give some key money to the broker.

বাড়ী ভাড়া করে দেবার জন্যে আমাদের কিছু দালালির টাকা দিতে হয়েছিল।

The little girl did bit her tongue in shame.

ছোট্ট মেয়েটি লজ্জায় জিভ কেটেছিল।

I did pop the question to my friend's sister.

আমার বন্ধুর বোনকে আমি বিবাহের প্রস্তাব দিয়েছিলাম।

I dare say, Mr. Ghosh is a man of pleasure.

আমার অনুমান, মিঃ ঘোষ একজন লম্পট প্রকৃতির লোক।

They were thinking of working out their own salvation.

তারা নিজ প্রচেষ্টায় বিপদমুক্ত হবার পছা উদ্ভাবন করার কথা ভাবছিল।

The conciliation board tried their best for the restitution of conjugal rights.

স্বামী-স্ত্রী সম্পর্কের পুনঃস্থাপনের জন্যে সালিশী সভার লোকেরা যথাসাধ্য চেষ্টা করেছিল।

He is trying to regain his nerves.

তিনি তাঁর সাহস ও আত্মবিশ্বাস ফিরে পাবার চেষ্টা করছেন।

The young lady is eating her heart out after the death of her husband.

স্বামীর মৃত্যুর পর তরুণী বধু দুর্ভাগ্যাতি সম্বন্ধে চিন্তা করতে করতে শুকিয়ে মরে যাচ্ছে।

Why have you kept me guessing about the matter.

ব্যাপারটা আমাকে বুঝতে দিচ্ছ না কেন?

He tried me to talk through his hat.

সে আমাকে ধাপ্লা দেওয়ার চেষ্টা করেছিল।

A word more and I have done.

আর একটা কথা বললেই আমার বলা শেষ হয়।

If you do this, misfortune may overtake you.

একাজ করলে তোমার অকল্যাণ হতে পারে।

I have not even heard of him, not to speak of seeing.

তাঁকে দেখা তো দূরের কথা, তাঁর সম্বন্ধে কিছু শুনিও নি।

The tournament was started going off at half cock.

যথোচিত প্রস্তুতি ছাড়াই প্রতিযোগিতা শুরু হয়েছিল।

Who are to blame behind the scenes?

নেপথ্যে কারা কারা দায়ী?

The owner of the press sent me packing from the service.

প্রেস-মালিক হঠাৎ-ই আমাকে চাকরী থেকে বরখাস্ত করে দিয়েছিলেন।

Why are you fanning the flame in the altercation?

বাগড়াতে তুমি আবার ইন্ধন দিচ্ছ কেন ?

Why are you leading the boy by the nose for nothing?

ছেলেটাকে তুমি কেন শুধু শুধু নাকে দড়ি দিয়ে ঘোরাচ্ছ ?

The *Delhi* authority is working against the clock ahead of *Commonwealth Games*.

কমনওয়েলথ্ গেমস্-এর প্রাক্কালে দিল্লী প্রশাসন নির্দিষ্ট সময়ের মধ্যে সমাপ্ত করার জন্যে অতি দ্রুত কাজ করছে।

Do you want to live hanging on my sleeves?

তুমি কি আমার উপর সম্পূর্ণ নির্ভর করে বাঁচতে চাও ?

Exercise - III

My husband left me in the lurch having taken monastic vow.

সন্ন্যাসব্রত গ্রহণ করে আমার স্বামী নিঃসহায় অবস্থায় আমাকে ত্যাগ করে চলে গিয়েছিল।

They dragged you into the mire.

তারা তোমার মুখ রাখে নি।

Your objection did not hold good.

তোমার আপত্তি ধোপে টেকে নি।

Some people are used to go to nightclub to warm the cockles of their heart.

কিছু লোক মনপ্রাণ চাঙ্গা করার জন্যে নাইটক্লাবে যেতে অভ্যস্ত।

I do not care a straw for anybody.

আমি কারো তোয়াক্বা করি না।

Your son has gone to the rack and ruin falling into the clutches of bad boys.

খারাপ ছেলেদের পাল্লায় পড়ে আপনার ছেলেটা উচ্ছিন্নে গেছে।

If I am spared, I shall move heaven and earth for your cause.

ততদিন যদি বাঁচি, আমি তোমার জন্যে যথাসাধ্য চেষ্টা করবো।

Why did you play thus fast and loose?

তুমি কেন এমন দায়িত্বহীনভাবে কাজ করেছিলেন ?

They are at loggerheads with each other.

তারা পরস্পরে বাগড়া করছে।

He was as drunk as a sow.

সে মদ খেয়ে চুর হয়ে ছিল।

Everyone should always look to his laurels.

যাতে সুনাম নষ্ট হয় সেদিকে সকলের সর্বদা নজর রাখা উচিত।

We did bid the guests welcome at our home.

আমরা অতিথিদের বাড়ীতে সাদরে অভ্যর্থনা জানিয়েছিলাম।

The officer led me a pretty dance to get the job done.

কাজটা করে দেবার জন্যে অফিসারটা আমাকে নানাভাবে ঘুরিয়েছিলেন।

But for your help, he would've failed in the exam.

তোমার সাহায্য না পেলে সে সফল হতে পারতো না।

They tried to work the oracle but failed.

কৌশলে নিজের মতলব হাসিল করার চেষ্টা করে তারা তা পারে নি।

I have so much war to the knife with him.

তার সাথে আমার কঠোর শত্রুতা আছে।

The troops were compelled to make good their retreat from the battle-field.

যুদ্ধক্ষেত্রে থেকে সৈন্যবাহিনী পশ্চাদপসরণ করতে বাধ্য হয়েছিল।

He has only nodding acquaintance with me.

তঁার সাথে আমার যৎসামান্য পরিচয় আছে।

Why are you giving vent to angry feelings upon me for nothing?

কেন শুধু শুধু আমার উপর ঝাল বাড়ছ?

The thief did leap over a ditch with my mobile.

চোরটি আমার মোবাইল নিয়ে পগারপার হয়ে গেল।

Who will win in the war of nerves at the fever pitch?

উত্তেজনাপূর্ণ এই স্নায়ুযুদ্ধে কে জয়লাভ করবে?

I have nothing to say for myself in this regard.

এ ব্যাপারে আত্মপক্ষ সমর্থনে আমার বলার মত কিছু ছিল না।

He is trying to square the circle in the forthcoming IAS exam.

আসন্ন আই.এ.এস্. পরীক্ষায় সে অসম্ভব কিছু করার চেষ্টা করছে।

They made my blood run cold kidnapping my daughter.

আমার মেয়েকে অপহরণ করে তারা আমাকে আতঙ্কগ্রস্থ করেছিল।

Students are used to burn with passion ahead of their result out.

পরীক্ষার ফলপ্রকাশের আগে ছাত্র-ছাত্রীরা অত্যধিক মানসিক উত্তেজনা অনুভব করে।

The news spread like wild fire.

ছ হু করে সংবাদটি চারিদিকে ছড়িয়ে পড়লো।

I am struck with wonder at your ignorance.

তোমার অজ্ঞতায় আমি হতবাক হচ্ছি।

We did queer their pitch by getting pyrrhic victory.

অস্বাভাবিক রকমের বেশী মূল্য দিয়ে জয়লাভ করে আমরা তাদের পরিকল্পনা ভেঙে দিয়েছিলাম।

To solve a knotty problem is not as easy as winking.

একটা কঠিন সমস্যার সমাধান করা খুব সহজ কথা নয়।

EXERCISE – 28.

My father has not been absent even for a day in office. He is really an **workaholic**. (**Workaholic = Meaning?**)

They, two brothers, are engaged often in violent **affray**. (**Affray = Meaning?**)

Don't they have the feeling of delicacy? (**list / least**)

What is the time when you (**get / got**) ready for going to bed everyday?

What were you doing outside in so (**let / late**) at night?

What places have all of you seen (**when / while**) you were travelling in *Chennai*?

Which *English* novel have you read last (**weak / week**)?

Which market did you (**go / went**) to in the morning?

Which is your favourite (**holiday / holyday**) destination?

Who will help me to get rid of this danger? (**Get rid of = Meaning?**)

When do you get (**on / up**) from bed in every morning?

When did you talk Bijoy regarding this imbroglio? (**Imbroglio = Meaning?**)

Unit – 41

নিত্যব্যবহার্য ভাষায় অভিব্যক্ত বাক্যরূপ

Expressions for Some Colloquial Use

ক্ষিদেয় তার নাড়ী জ্বলে যাচ্ছে, কাল থেকে সে কিছু খায় নি।

He is consumed by ravenous appetite, he didn't eat anything since yesterday.

তাকে আচ্ছা করে ঘা কতক দেওয়া হয়েছিল। আচ্ছা হয়েছে!

He was given a good licking. Rightly served!

গৃহিনী চাকরটিকে বাঁটার বাড়ী মেরেছিল, ছেলেটা একটা শয়তানের ঝাড়।

The housewife beat the servant with a broomstick, he is a stock of the devil.

বড় মুখ নিয়ে তারা আমার কাছে এসেছিল, কিন্তু আমি তাদেরকে কলা দেখিয়েছিলাম।

They came to me with high hopes, but I pointed the thumb at them.

দোহাই ধর্মান্বিতার, আমি এসবের কিছুই জানি না।

May it please *Your Honour*, I am quite innocent of this.

তার টাকা উথলে উঠছে, তাই সে দু'হাতে টাকা ওড়াচ্ছে।

She is rolling in wealth, that is why she is running through money with open hands.

লোকে বলাবলি করে, মেয়েটা বাজারের মেয়ে।

So the rumour goes that the girl is a woman of the streets.

লোকটা পায়ের উপর পা দিয়ে দিন কাটায়। তাঁর কাজও নেই কামাইও নেই।

The man does lead a carefree life of ease, comfort and indolence. He is always busy with nothing.

মেয়েটি আহ্লাদে আমার মাথায় চড়ে বসেছে। অনেকে তার নামে আমার কাছে লাগিয়েছে।

The girl has become impudent as a result of over-indulgence. Many complained me against her.

পিলপিল করে লোক বেরচ্ছে। কি হয়েছে ওখানে?

People are coming out swarmingly. What has happened there?

নমাসে-ছমাসে তিনি আমাদের বাড়ীতে আসেন। সত্যিই কি তাঁর হাতে সময় থাকে না?

He comes to our home once in a blue moon. Really has he no time at hand?

এ জিনিস বাজারে পড়তে না পড়তে বিকিয়ে যায়। কি আক্রমণভর দিন পড়েছে!

This thing finds a ready market. What the days of hard times!

শুধু শুধু কেন পড়ে পড়ে মার খাচ্ছ? জীবনে কিছু করার চেষ্টা করো।

Why are you receiving blows for nothing? Try to do something in life.

আমাকে দেখে সে থরহরি কম্পমান। মুখটা দেখি তার থমথম করছে।

Having seen me he was violently shaking with fear. And his face is swollen with glumness.

আমার কথায় তোমার কাজ কি? তুমি বরং তোমার দুঃখের খান্দা করো।

Why should you poke your nose into my affairs? You rather toil hard for your living.

গুজব রটেছে, বৌটা পরপুরুষের সাথে পালিয়েছে।

The remour is afloat that the house-wife has run away with her paramour.

ব্যাপার কি? সে কেন তার বাবার উপর তেজ দেখাচ্ছিল?

What's up? Why was he carrying himself with a lofty air upon his father?

যা হয়েছে খুলে বলো। কেন কিস্ত কিস্ত করছো?

Unlock your heart. Why do you hesitate?

তারা সেখানে কত কী দেখেছিল! আমি গেলে দেখতে পেতাম।

What a lot of things they saw there. Had I gone, I would've seen those.

কেবলমাত্র প্রাপ্তবয়স্কদেরই সিনেমাটি দেখতে দেওয়া হবে।

Those who have attained majority will be given permission to see the film.

তোমার আগে ভাবা উচিত ছিল। এখন কিভাবে ঠেলা সামলাবে?

You should've thought beforehand. How will you grapple with the coming difficulties?

কালের করালে পড়ে একদিন আমরা সব শেষ হয়ে যাবো।

One day all of us will sink into the abyss of eternity being the victim of death.

পুরোদমে পাখাটা চলছে বলে আমার ঠান্ডা লাগছে।

As the fan is in full swing, I am feeling cold.

সে-ই তলে তলে সবকিছু করছে। ওর থেকে সাবধান।

It is he who is pulling the wires from behind. Be on your guard of him.

তোমার মরণ ঘনিষে এসেছে। কেন অন্যের ঘর ভাঙ্গাচ্ছ?

Death has overtaken you. Why are you sowing the seeds of dissension in another's family?

EXERCISE – 29.

How did you (**beg / bag**) your pardon to your teacher?

Where are you coming from in the (**fool / full**) dusk?

Where is the *NGO* looking for spreading new project?
(**there / their**)

Why were you rebuking your daughter in the afternoon?
Rebuke = Meaning?

How (**come / came**) you are doing everything right?

Whence have you come in (**far / for**) into the midday?

Will they go to school by bus or (**by / on**) foot?

How far is the *Howrah* railway station from (**hair / here**)?

Some of my friends went to the dense forest for hunting (**dear / deer**).

I don't like discrepancy in business-related affairs.
(Discrepancy = Meaning?)

Money has running (**sort / short**) with me. How much could you spare for us right now?

Rice has fallen short in the local market. There is no other course but to eat bread. (**left / right**)

Why didn't your father send the invoice for the cosmetic goods?
(Invoice = Meaning?)

You may invest your money in the *Stock Exchange*. Why do you lock (**for / up**) your capital at home?

My friend will wind up his clothing business. It is now-a-days running at the (**lose / loss**).

Make arrangements for the arrear payments of wages of your daily labourers. Else, they will incur in (**dates / debts**).

I'm thinking of borrowing money on the security (**for / of**) ornaments.

How long have you been making love with that girl? Now you can marry her as she is a nubile. (**Nubile = Meaning?**)

She enjoys my hugging and dotage with great satisfaction.
(Dotage = Meaning?)

Unit – 42

Framing Sentences with Various Parts of Speech

I. COMMON NOUNS AND ARTICLES

The lion is a beast of prey.

A rose is a very beautiful flower.

Friday is the fifth day of the week.

An owl is a peculiar bird having fond of living in darkness.

II. PROPER NOUNS AND ARTICLES

The Bible is the holy scripture of the *Christians*.

Kolkata is the capital of *West Bengal*.

The *Taj Mahal* is a wonderful piece of creative architecture.

She had a very bad menstrual pain this morning.

The *Rajdhani Express* steamed out of the *Howrah Station* at 11.30 p.m.

III. COLLECTIVE NOUNS AND ARTICLES

There was a large audience in the *Brigade Parade Ground* to listen the speech of our *Chief Minister*.

The cattle are eating grass in the field.

A pack of hounds ran after a deer in the forest.

IV. ABSTRACT NOUNS AND ARTICLES

An erudite prefers honour to wealth.

Honestly is always the best policy.

Unity is strength in every age.

V. MATERIAL NOUNS AND ARTICLES

Copper is one of the useful matels.

Oil is never soluble in water.

The water of the *Ka'ba-Jamjam* is very sacred to the pious *Muslims*.

Rice is now selling at 35 rupees per *Kilogram*.

* * *

I. PERSONAL PRONOUNS

Do you know what she is doing now?

How dare you refuse my proposal?

When will they go to the field for playing football?

Was he not a famous *Indian Cricketer*?

It was you who was to blame.

Who is it calling from the behind?

II. DEMONSTRATIVE PRONOUNS

Those were the golden times for Indians.

This is our *English*-teacher who has joined newly.

I should not expect a better result than this.

The streets of *Delhi* are as busy as those of *Kolkata*.

III. REFLEXIVE PRONOUNS

I shall manage the problems myself.

Why did she kill herself?

They looked at themselves in great fear.

The street beggar was grumbling in an undertone to himself.

IV. POSSESSIVE PRONOUNS

She is a good friend of mine.

Is it your own car?

My watch is costlier than yours.

Our house is being painted.

V. INTERROGATIVE PRONOUNS

Which of the four pens do you like?

Who does not love his own country?

Whom did you want to talk with?

What did she do it for?

VI. EMPHATIC PRONOUNS

She herself is responsible for the failure.

We ourselves shall try to solve the problem.

They themselves admitted their crime.

VII. RECIPROCAL PRONOUNS

We know each other since long ago.

The two sisters often quarrel with each other for nothing.

We are to help one another to live in the society.

The residents of this locality always help one another.

Harun and Tina have not brought their practical note-books.

Either Nisha or Mala has to lend me her *English Grammar* book.

VIII. INDEFINITE PRONOUNS

None of them turned up in due time.

One should always respect one's parents.

Everybody is unhappy with his fate in life.

Many saw the thief running out of breath.

Anyone can solve this *Mathematics* if he does try attentively.

Some say that *God* helps those who help themselves.

IX. DISTRIBUTIVE PRONOUNS

Neither of the two boys is honest and hardworking.

Each of the girls has bought a cinema-ticket.

He can purchase either of the two books.

Everyone of them will take my advice.

X. RELATIVE PRONOUNS

There are few people but love flowers.

How do you know what he will give?

This is the vegetable that we saw the day before yesterday.

The cows which are healthy will be slaughtered.

All those who made obeisance to me are my disciples.

This is the same painting that we decided to buy.

* * *

I. DESCRIPTIVE ADJECTIVES

We like to buy some garments made of *Egyptian* cotton.

Samuel Hahnemann was a famous *German Homoeopath* who was also the founder of the system.

There is a green field in front of our house.

I have to purchase a new pair of shoes.

Cleaning our teeth is a regular task.

II. NUMERICAL ADJECTIVES

The third *Saturday* of the month is our holiday.

Most girls of class *Nine* made this same mistake.

There is no sculpture in this gallery.

Few party-members came to attend the meeting.

III. INTERROGATIVE ADJECTIVES

Which *English Grammar* book do you want?

What kind of behaviour of hers is this?

Whose address do you want from me?

IV. DEMONSTRATIVE ADJECTIVES

These books are full of blunder mistakes.

Why are you in such a hurry?

This is the same mobile-phone that he gave me.

Those two horses are eating grass in the front field.

V. POSSESSIVE ADJECTIVES

My country is great because of its diversity.

That is our garden where we cultivate flowers.

These are their books which were bought from *Oxford Book Store, Park Street*.

VI. DISTRIBUTIVE ADJECTIVES

Neither of the two leaders was present in the meeting.

She does come to our house every morning.

Each participant was given a good prize.

There are swamps on either side of the road.

VII. EMPHATIC ADJECTIVES

Mind your own business.

This is the very book she wanted to buy.

I witnessed the murder with my own eyes.

VIII. RELATIVE ADJECTIVES

They ate what sweetmeats they could.

You took initiative at heart, which fact helped me get out from that danger.

An *Argentine* mid-filder saw the *red-card*, which fact helped the victory of *Spain*.

IX. COMPARATIVE ADJECTIVES

Rice is costlier than bread now-a-days.

The leopard is more ferocious than all other wild beasts of prey.

Paromita is the wiser of the three girls.

Kashmir is farther than *Delhi* from *Kolkata*.

* * *

I. INDICATIVE ADVERBS

When does your daughter go to school everyday?
Wherein have you put the golden wrist-watch?
This is just the way how we can solve the problem.
Does she know the reason why Rita fights shy of me?

II. NUMERICAL ADVERBS

She often meets me in a park.
I didn't sit in *WBCS* exam even for once.
My brother seldom goes to college.
He is doing the same mistake repeatedly.
Why did your sister come to our house again today?

III. INDEPENDENT ADVERBS

We have been trying to live honestly.
My father left for *Siliguri* the day before yesterday.
Hence it is certain that she told us lies.
That is why I did beat him black and blue.
She will surely pass if she does try hard.

IV. EMPHATIC ADVERBS

Only your brother took advice from me.
They also went to *Delhi* a few days ago.
Thank you too for your kind help.

V. ACCUSATIVE ADVERBS

The troops advanced four miles from the base-camp.
This pen is worth a two-hundred rupees.
The war of nerves between us lasted three months.
I had to walk half kilometres to reach there in time.

VI. POSITIONAL ADVERBS

My daughter knows English well.
They are to come to my place next week.
She has never seen a meteor.
The *Shantiniketan Express* has left for *Bolpur* just now.

VII. ATTRIBUTIVE ADVERBS

We are fully agreed with the decision.
I look down upon her only because she is a street-woman.
They are keenly interested to see the movie.
Every mother almost always try to protect her offspring from danger.

VIII. PREDICATIVE ADVERBS

Salim is aware of his own behaviour.
The tiger was caught alive from the forest.
My uncle is away from home since *Sunday* last.
The two girls are much alike as I see.
Your sister will be better soon as a good doctor is attending her.

* * *

I. SIMPLE PREPOSITIONS

Meghdoot was written by *Kalidas*.

My sister will come day after tomorrow from her father-in-law's house.

She is going with me to see that *English* film.

I have been suffering from fever since *Monday* last.

II. COMPOUND PREPOSITIONS

The furious mob was running behind a thief.

Our house is visible beyond the lake.

Besides golf, my father is fond of playing cards.

We take nothing but tea and biscuits in the evening.

He came back home between noon and afternoon.

III. DOUBLE PREPOSITIONS

My sister entered into the room in a hurry.

The president was elected from among the members present.

The troops came out from under the ground.

IV. PHRASAL PREPOSITIONS

He has chosen Physics instead of Biology.

You got the job by dint of your hard-work.

She could not come to the school owing to her mother's illness.

In spite of my repeated warnings, they went to sail in the sea.

V. DISGUISED PREPOSITIONS

She had to write the letter afresh.

It is now 7 o'clock by our wall-clock.

Nasir is used to go to his village home once a month.

Fishing-hooks sell two pieces a rupee.

VI. PARTICIPLE PREPOSITIONS

The *Grand Trunk Road* runs past the village.

Considering the quality of the cotton, the price of that shirt is not too high.

Chicken-pox is prevalent during *Spring* season.

Regarding your request, I regret to say that I've nothing to do for you.

The class-teacher scolded her for clamour, notwithstanding her refusal.

VII. GERUNDIAL PREPOSITIONS

They are addicted of playing cards.

We have decided on visiting *Kashmir* next week.

The teacher did forbear from speaking ill of his students.

All of us understand the necessity of helping the poor and down-trodden.

My sister is very fond of reading *English* fiction.

Are you eligible for holding any respectable post?

I am averse to eating sea-fishes.

* * *

I. ALTERNATIVE CONJUNCTIONS

Read attentively, else you will fail in the exam.

Either my friend or I can attend the seminar.

Bikash is neither honest nor courteous.

Hurry up, or we will miss the train.

You try to go – otherwise, I've to go there.

II. CUMULATIVE CONJUNCTIONS

I, as well as my friends, was invited to the party at night.

She not only loves that man but also loves his wealth.

We should both love and respect our parents.

Sonia, no less than her mother, is a beautiful woman.

III. ADVERSATIVE CONJUNCTIONS

Ashok tried his best, but couldn't succeed unfortunately.

I did not give up hopes, on the contrary, I did combat for pyrric victory.

All of them forbade me, nevertheless, I went into the danger.

She studied so well, yet she didn't pass in the annual exam.

We requested him so much, still he didn't pay heed to our words.

The officers are working sitting inside the AC rooms, whereas, the farmers are bound to work under the scorching heat of sun.

IV. SUBORDINATE CONJUNCTIONS

Students like our *English* teacher very much since he is honest and friendly.

You must wait here until I come back from the market.

They will not get the job unless they are not properly trained.

Ask her whether she will go to school the day after tomorrow.

Although it was raining, we did not unfold the umbrella.

They left home as soon as I reached there.

He was allowed to stay in the classroom provided he would not make noise.

V. ILLATIVE CONJUNCTIONS

The boy is of bad character, therefore, she should not speak with him.

The day is sultry today, for, the relative humidity is maximum.

He is a hardcore criminal, so, he can not love others.

They have not come yet, what should we do now?

EXERCISE – 30.

Once he did fall into the clutches of an avid coquette. (**Avid = Meaning?**)

Because of this dowry system, many (**woman / women**) are to sacrifice their lives in premature time.

Her love was not physical, (**rather / whether**) spiritual. She was insane for the love of *God*.

My friends sister is planning to take divorce from her lascivious husband. (**Lascivious = Meaning?**)

How much sacrifice (**have / do**) you want from me for the sake of love?

Rina has been carrying the torch for her lover long ago. (**for / since**)

I may come up with some creative plans with a possibility of getting some good news. (**Come up with = Meaning?**)

They are thinking of going abroad (**for / to**) a vacation.

Having been vexed, she could not help (**spoken / speaking**) some harsh words.

Unit – 43**নানাবিধ বাক্যাংশের নির্দিষ্ট ব্যবহার****Precise Use****of Some Miscellaneous Expressions**

তুমি তো গলাবাজি করে জিতেছিলে! এখন লম্বা চওড়া কথা বলছ।

Why, you had won by shouting others down! Now you are talking grandiloquently.

কারুর বাপের সাধি নেই আমাকে রাজী করায়। তুমি তো কোন ছার!

Not even one's sire has the grit to make me agree, not to speak of a humble man like you!

ঘটনাটা দেখে তো আমার চোখ ছানাবড়া ; আমি তখন পড়ি-মরি করে পালিয়েছিলাম।

I became dumbfounded looking the situation aghast ; then I showed a clean pair of heels.

তুমি চেষ্টা করে দেখতে পারো ; কিন্তু আমাকে পটকানো সোজা নয়।

You can try, but it is not easy to win me over.

ছুরিখানায় ধার পড়ে গেছে ; ওটা ব্যবহারের অযোগ্য।

The edge of the knife has been turned ; that is not worth using.

তেঁতুলের আচার দেখলে আমার জিভে জল আসে ; আমি আর লোভ সামলাতে পারি না।

I make my mouth water if I see the tamarind pickle ; then I fall into the temptation.

কেন তোমার ননদকে শুধু শুধু খোঁটা দাও ? সে কি তোমার আপনজন নয় ? কেন তুমি আপনপর ভেদাভেদ করো ?

Why do you make biting insinuations to your sister-in-law? Is she not your own people? Why do you discriminate between self and others?

কেন শুধু শুধু আমার উপর মুখ খিঁচাচ্ছ ? আমি কি তোমার পাকা ধানে মই দিয়েছি ?

Why are you making faces at me without reason? Have I done any great harm to you?

কোন মুখে আবার সেখানে যাবে ? তুমি কি লাজ-লজ্জার মাথা খেয়ে বসে আছো ?

Have you the face to go there once again? Don't you have any sense of disgrace?

আমি তোমার কথায় এক বর্ণও বুঝতে পারছি না। কেন আমার সাথে এমন চালবাজি করছো ?

I do not understand even a syllable of your words. Why are you giving yourself airs with me?

চেষ্টা করলে উৎরে যেতে পারো। আদা-জল খেয়ে লেগে দ্যাখো না।

You can turn out fairly well if you try. Get set to work with firm determination.

আমার কথায় তোমার কাজ কি? যাও, নিজের চরকায় তেল দাও গে।

Why should you poke your nose into my affairs? Go and paddle your own canoe.

আমার অনেক কাজ আছে। তোমার সুতরাং এখানে থেকে কাজ নেই।

My hands are full. So, you had better not stay here.

ফেরবার পথে এখানে একবার টুঁ মেরে যেও। আমার দিন ফুরিয়েছে, তোমাকে একবারটি দেখতে চাই।

Please, pop in and see me on your way back. My days are numbered ; I want to see you once.

ক্লান্ত হয়ে সে থপ্ করে বসে পড়ল। আমি তার দিকে একবার কৃপাকটাক্ষে তাকালাম।

Being exhausted he did plump down on the floor. Then I cast a gracious look at him.

সে কচ্কচ্ করে মাংস চিবাচ্ছে ; মনে হয় তার বড্ড খিদে পেয়েছিল।

She is chewing meat audibly ; methinks, she did feel too hungry.

মনে মনে ঘৃণা পুষে রাখা ভালো নয় ; তাতে মন আরো বিষিয়ে ওঠে।

It is no good to cherish hatred in the heart ; in it you have your mind embittered more.

আমার নিঃশ্বাস ফেলার সময় নেই, আমি চলবো তোমায় মন যুগিয়ে ?

I have no respite, will I be at the beck and call of you?

সারিকার গায়ের রঙ দুধে-আলতা, পাত্রপক্ষ তাকে পছন্দ করে গেছে।

Sarika's skin is of very bright complexion, the bridegroom's party had a liking for her.

তাকে দু'কথা শুনিয়া দেওয়া দরকার ; নইলে সে মাথায় চড়ে বসবে।

We need to mince him no words; else, he will go beyond the limit.

মাথা খাও, যেও না — তোমার কি মাথা খারাপ হয়ে গেছে ?

Do not, for the love of me, go away – are you off your head?

মানে মানে সরে পড়ো ; নইলে তোমার মাথায় ঘোল ঢালা হবে।

Steal away honourably ; otherwise, you will be subject to utter humiliation.

তিনি দারুন একটি দাঁও মেরেছিলেন; তাই আজকাল দু'হাতে টাকা ওড়াচ্ছেন।

He made the best use of an opportunity ; so he is nowadays squandering money with open hands.

টাকা যখন খেয়েছিলেন, কাজটা আপনার করে দেওয়া উচিত ছিল। কতদিন আর এভাবে দুঃখের খান্দা করবো?

As you had accepted bribe, you should've done the job. How long shall I toil hard for a living?

যতই তুমি আমায় গালাগাল দাও, ওসব আমার গা-সওয়া হয়ে গেছে।

How much you call my names, I am inured to it.

আমার দিকে ফ্যালফ্যাল করে চেয়ে আছো কেন? দেখছো না টেঁচাতে-টেঁচাতে আমার গলা ভেঙ্গে গেছে।

Why do you look blank at me? Don't you see, I cried myself hoarse.

এভাবে তার প্রতি নাক সিঁটকানোর কারণ কি? তাঁর ব্যাধি তো সংক্রামক নয়।

How come you turn up the nose to him in contempt? Why, his malady is no longer infectious!

বসে বসে আর ভালো লাগে না। তবুও অমন চাকরীর মুখে ঝাড়ু মারি।

I'm sick of sitting idle. Yet, hang such a job!

সে বংশের কুলাঙ্গার; বাবা তাকে তাই ত্যাজ্যপুত্র করে দিয়েছে।

He is the black sheep of the family. So, he disinherited by my father.

EXERCISE – 31. _____

Can't you never refrain from slandering? (**Slandering = Meaning?**)

I have heard of his having (**dead / died**) from an accident.

We couldn't help because of listening the death of our mother. (**weep / weeping**)

Ratan has just finished (**done / doing**) the work.

There is (**all / every**) possibility of the boy falling from the tree.

The manager made me (**sit / seat**) so long for nothing.

..... take liquor everyday is injurious for health. (**To / Too**)

He saw the thief run (**away / over**) from behind the house.

She could not (**but / yet**) consent to my request for dinner.

Manik to have forgotten to tell the report. (**seem / seems**)

My sister wished to bought a *English* fiction from the local book-store the day before yesterday. (**have / has**)

She had rather go to school stay home. (**but / than**)

I hoped to have the annual examination. (**passing / passed**)

The train is to start from the station. (**about / still**)

Will you please help me this work? (**do / doing**)

Uncle, you had better (**stay / stayed**) at our home for several days.

This is much to be rejoiced (**as / since**) my son has got a job.

Unit – 44

নানাবিধ আলঙ্কারিক প্রয়োগের ইংরাজী ব্যবহার

English Rendering of Idiomatic Expressions

EXERCISE - I

কথা

উকিলরা কথা বেচে খায়।

Lawyers earn in a learned profession.

আমি তোমার কোনো কথায় নেই।

I have nothing to do with any of your matter.

কখনো কথার খেলাপ করো না।

Never deviate from your promise.

আজ সন্ধ্যায় আমার বোনের আসার কথা আছে।

My sister is to come to-night.

আমার ভাইয়ের বিয়ের বিষয়ে কথা চলছে।

The marriage of my brother is being talked of.

O
Y
S
T
E
R

I
N
D
I
A

হৈ-চৈয়ের জন্যে আমি তোমার কথা শুনতে পাচ্ছি না।

I cannot hear you for hue and cry.

কথার ফেরে তিনি আমায় ঠকিয়েছিলেন।

He hoodwinked me with the snare of words.

আপনি কি তাহলে আমাকে কথা দিচ্ছেন?

Are you so giving me assurance?

আমাদের প্রত্যেকের মাতা-পিতার কথা শোনা উচিত।

All of us should obey our parents.

এ কাজ করা কি কথার কথা?

Do you think it an easy affair?

চোখ

মেয়েটির চোখের চামড়া নেই।

The girl is quite without shame.

এখন চোখ মিটমিট করছ কেন?

Why are you winking the eyes?

আপনি মিছিমিছি আমার দিকে চোখ পাকাচ্ছেন।

You are casting angry glances to me for nothing.

তুমি কি চোখের মাথা খেয়েছ?

Can't you see all that happen's under your nose?

ছেলেটিকে চোখে চোখে রেখো।

Keep the boy under close observation.

চোখ টিপে তুমি আমায় কি ইশারা করলে?

What inkling have you done making a sign with the eye?

চোরটি আমাদের চোখে ধুলো দিয়ে পালিয়ে গেল।

The thief ran away throwing dust in the eye of us.

আমার সাফল্য দেখে কি তোমার চোখ টাটাচ্ছে?

Have you become envious seeing my success?

তোমরা আমার বাচ্চাটার দিকে চোখ দিও না তো!

Don't cast an evil eye on my kid!

সে আমার চোখের আড়ালে অনেককিছু করে বেড়াচ্ছে।

She is doing so many misdeed out of my sight.

তুমি তো বেশ চোখে-মুখে কথা বলছ!

Why, you're displaying your gift of the gab!

আমি মন-প্রাণ দিয়ে কাজটি শেষ করার চেষ্টা করেছিলাম।

